

প্রশিক্ষক ম্যানুয়াল

সিটি কর্পোরেশন ও পৌরসভাসমূহে টেকসই উন্নয়ন অভীষ্ঠ (এসডিজি) স্থানীয়করণ বিষয়ে প্রশিক্ষণ



As a federally owned enterprise, GIZ supports the German Government in achieving its objectives in the field of international cooperation for sustainable development.

The "**Training on SDG Localisation in City Corporatoins and Paurashavas**" has been developed and applied in collaboration with the Bangladesh University of Engineering and Technology (BUET) and the National Institute for Local Government (NILG).

Published by:

Deutsche Gesellschaft für
Internationale Zusammenarbeit (GIZ) GmbH

Registered Offices

Bonn and Eschborn, Germany
Friedrich-Ebert-Allee 40
53113 Bonn, Germany
T +49 228 44 60-0
F +49 228 44 60-17 66

Dag-Hammarskjold-Weg 1-5
65760 Eschborn, Germany
T +49 61 96 79-0
F +49 61 96 79-11 15
I www.giz.de
E info@giz.de

Author:

International Team

Ms. Luciana Maia, Senior Trainer and Advisor
Mr. Evandro Holz, CEO, Clurb
Mr. Jorge Mariano Rossi, Urban Manager, Clurb

BUET Team

Dr. Ishrat Islam, Professor, URP, BUET
Dr. Mohammad Shakil Akther, Professor, URP, BUET
Ms. Sadia Afroj, Assistant Professor, URP, BUET
Ms. Sumaiya Tabassum, Research Assistant, CRDS, BUET

NILG Team

Mr. Saleh Ahmed Mojaffor, Director General (Additional Secretary), NILG, Dhaka.
Mr. Md. Abdul Khaleque, Joint Director (Deputy Secretary), NILG, Dhaka.
Mrs. Manika Mitra, Research Officer, NILG, Dhaka.

GIZ Support Team:

Dr. Firdaus Ara Hussain, Principal Advisor, ICICF, GIZ Bangladesh.
Ms. Redita Rokib, Advisor, ICICF, GIZ Bangladesh.

Cover illustration:

PATHWAY, Dhaka

Design and printing:

PATHWAY, Dhaka

Terms of use:

GIZ poses no restriction to reproduction/translation of materials as they are. We just kindly ask that GIZ Program in Bangladesh is informed and made reference of. In case you wish to change or further develop the materials, please aslo contact the responsible.

ISBN Number: 978-984-35-4496-4

Dhaka, September 2023

Preface

Germany has been providing development assistance to Bangladesh since its independence in 1971. Over the years, GIZ has been committed towards implementing bi-lateral projects in Bangladesh in the areas of climate change adaptation and mitigation with the financial support of Federal Ministry of Economic Cooperation and Development (BMZ). Germany remains supportive towards partner countries such as Bangladesh in the implementation of the Sustainable Development Goals (SDGs).



Bangladesh was one of the first countries to align its national development plans with the SDGs, and to launch a voluntary National Review in 2017 to report on its progress towards achieving the goals. Through the review, Bangladesh highlighted its achievements in reducing poverty, expanding access to education and healthcare, and promoting gender equality, while acknowledging the challenges that remain in areas such as climate change, sustainable cities, environmental degradation, and inequality. To address these challenges, the commitment made in the framework of the 2030 Agenda for Sustainable Development and its Sustainable Development Goals (SDGs) to "Leave No One Behind" (LNOB) is the utmost significant and transformative component. Thus, the process of localizing SDGs in Bangladesh involves identifying specific targets and indicators that are relevant to local needs and priorities. This ensures that resources are directed towards areas with the greatest need and that local communities are actively engaged in the process of achieving the SDGs. This marked a comprehensive approach to the incorporation of Local Government Institutions (LGIs) by enhancing the capabilities of City Corporations and Municipalities in the process of localizing the Sustainable Development Goals (SDGs).

I am delighted that the National Institute of Local Government (NILG), with the assistance of GIZ's technical support, has developed a trainee manual on "Tools and Methods of SDG Localisation in the City Corporations and Municipalities of Bangladesh" as well as an excel tool to assist City Corporations and Municipalities in identifying the scope for SDG localization and accomplishments. I am happy to know that selected Local Government Institutes (LGIs) in Bangladesh have been trained by the experts from GIZ, NILG and BUET and there is scope to institutionalise this tool. I would earnestly request Local Government Division (LGD) to consider the tool for all City Corporations and Municipalities. I would like to express my gratitude to LGD for their support in this process.

The officials of the Governance Innovation Unit (GIU), Prime Minister's Office (PMO), who have guided and contributed to the development process of the training manual, have my sincere appreciation. I would also like to express my gratitude to BMZ for their trust and support and commend the Improved Coordination of International Climate Finance (ICICF) project for their close collaboration with the National Institute of Local Government (NILG) for developing capacities to localize the Sustainable Development Goals (SDG) in the context of Bangladesh.


Dr. Andreas Kuck
Country Director
GIZ, Bangladesh



বাণী

জার্মান ডেভেলপমেন্ট কোর্পারেশন-এর একটি অঞ্চাধিকার মূলক খাত - বাংলাদেশের শহরাঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে অভিযোজন। Economic Relations Division (ERD) ২০১৬ সালে কারিগরি সহায়তা প্রকল্পের অধীনে একটি আন্তর্জাতিক আর্থিক সেল-এর জন্য জার্মান সরকারকে অনুরোধ করে। তদানুসারে জার্মান সরকার জি.আই.জেড-এর অধীনে (Improved Coordination of International Climate Finance (ICICF) প্রকল্পের জন্য ৩.৫ মিলিয়ন ইউরো মন্তব্য করে। এ প্রকল্পের আওতায়, জার্মান ডেভেলপমেন্ট কো-অপারেশন বাংলাদেশকে আন্তর্জাতিক জলবায়ু তহবিলের দ্বি বা বহুপার্কিক উৎস খুঁজতে, সঠিক পদ্ধা চিহ্নিতকরণ, সক্ষমতা সমৃদ্ধিকরণ, কর্ম প্রক্রিয়া ও কাঠামো উন্নতকরণে সহায়তা করে।

জলবায়ু পরিবর্তন ও টেকসই উন্নয়ন লক্ষ্য (বাউএএ) অর্জনের উদ্দেশ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠান যেমন সিটি কর্পোরেশন ও পৌরসভা ইত্যাদির সক্ষমতা বৃদ্ধিকল্পে ICICF কাজ করেছে। টেকসই উন্নয়ন লক্ষ্য (SDGs) স্থানীয়করণে বিভিন্ন দিক-নির্দেশনা, সক্ষমতা উন্নয়নকল্পে বিভিন্ন নির্দেশক চিহ্নিতকরণে, প্রধানমন্ত্রীর কার্যালয় ও NILG অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এপ্রকল্পের আওতায়, NILG জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের বিশেষজ্ঞের সহায়তায় সিটি কর্পোরেশন ও পৌরসভার জন্য একটি Training Handbook এবং Excel Tool তৈরী করে।

এ Training Handbook-টি SDGs স্থানীয়করণে, সরকার পর্যায়ে অংশগ্রহণ, SDGs-লক্ষ্য অর্জনের পদক্ষেপ সনাক্তকরণে এবং সেগুলো নথীকরণে মাধ্যমে জাতীয় পর্যায়ে রিপোর্ট করতে সহায়তা করে। ICICF কারিগরি সক্ষমতা উন্নয়নে সহায়তা করে যেন SDGs অর্জনে স্থানীয় পর্যায়ে ‘টুল এন্ড মেথড’ প্রয়োগের মাধ্যমে অধিক পরিকল্পিত অভিযোজনের পদক্ষেপ নেওয়া যায়। এতে স্থানীয় পর্যায় হতে অধিক প্রায়োগিক জলবায়ু পরিবর্তন ভিত্তিক প্রকল্পের ধারণা সংগঠিত হবে। সক্ষমতা-বৃদ্ধি প্রক্রিয়ার অংশ হিসাবে ২টি সিটি কর্পোরেশন যেমন খুলনা ও রাজশাহী সিটি কর্পোরেশন, এবং ২টি পৌরসভা যেমন সাতক্ষিরা ও সিরাজগঞ্জ পৌরসভার স্থানীয় সরকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষনের ভিত্তিতে NILG উপরোক্ত সিটি কর্পোরেশন ও পৌরসভার SDGs কার্যকরী কর্ম ও প্রক্রিয়াগুলো একটি এর মাধ্যমে “রাইট-সপ” এর মাধ্যমে যাচাই-বাচাই করে লিপিবদ্ধ করে। SDGs স্থানীয়করণের চূড়ান্ত অংশ হিসাবে, সংগৃহীত কর্মপ্রক্রিয়াগুলো অন্যান্য সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রশিক্ষণ, শিক্ষা ও চর্চার জন্য গ্রহণ্য গ্রহণ্য করা হয়।

“টেনিং ম্যানুয়েল ফর এসডিজি লোকালাইজেশন ইন সিটি কর্পোরেশন এন্ড মিউনিসিপালিটিস ইন বাংলাদেশ” এর প্রয়োজনীয় দিক নির্দেশনা ও চূড়ান্তকরণ প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য, আমি গভার্নেন্স ইনভেশন ইউনিট ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাদের ধন্যবাদ দিতে চাই। আমাদের আন্তর্জাতিক বিশেষজ্ঞ মিস লুসিয়ানা মাইয়া, এভান্ডো হোলজ এবং তাদের দলের সদস্যদেরও কৃতজ্ঞতা জানাই। জাতীয় পর্যায়ে BUET-এর ডঃ ইসমাত ইসলাম, ডঃ শাকিল আকতার ও তাঁদের দলের সদস্যদের ধন্যবাদ দিতে চাই বাদের প্রায়োগিক ইনপুটের জন্য, যা এ প্রশিক্ষণ ম্যানুয়েল ও বিভিন্ন অনুশিলনী প্রস্তুতে অসামান্য ভূমিকা রেখেছে।

‘টুল এন্ড টেনিং’-এর প্রক্রিয়া চূড়ান্তকরণে। যে গতিশীল নেতৃত্ব NILG দিয়েছে তার জন্য হৃদয়ের গভীর থেকে তাদের কৃতজ্ঞতা জানাই। তাঁদের অঙ্গীকার ও নেতৃত্বে বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার সক্ষমতা শক্তিশালী হবে - তা নির্দিষ্টায় বলা যায়।

ড. ফেরদৌস আরা হোসাইন

প্রিসিপাল এডভাইজার, আইসিআইসিএফ
জি.আই.জেড, বাংলাদেশ

সূচিপত্র

| | |
|---|-----------|
| ১. ভূমিকা | ৮ |
| ১.১ বাংলাদেশের প্রেক্ষিতে টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ ও জলবায়ু পরিবর্তন | ৮ |
| ১.২ টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণের জন্য সক্ষমতা জোরদারকরণ | ৫ |
| ১.৩ প্রশিক্ষণের ধারণা | ৫ |
| ১.৪ প্রশিক্ষণের উদ্দেশ্যাবলি ও কাঠামো | ৭ |
| ২. অংশগ্রহণমূলক প্রশিক্ষণ পদ্ধতির মৌলিক বিষয়সমূহ | ১২ |
| ২.১ মিথস্ক্রিয়ামূলক প্রশিক্ষণের চিপস ও প্রজ্ঞানসমূহ | ১২ |
| ২.২ প্রাণ্তবয়ক্ষরা যেভাবে শেখেন | ১৩ |
| ২.৩ প্রশিক্ষকের ভূমিকা ও দক্ষতা | ১৪ |
| ২.৪ সক্রিয় শ্রবণ – পাঁচটি মৌলিক উপাদান | ১৬ |
| ৩. প্রশিক্ষণ কর্মসূচি | ১৯ |
| ৩.১ একটি প্রশিক্ষণ কর্মসূচির নকশা প্রণয়ন | ১৯ |
| ৩.২ প্রশিক্ষণ উদ্বোধন | ২২ |
| ৩.৩ একটি প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন | ২৩ |
| ৩.৪ উপস্থাপনা ও মিথস্ক্রিয়ানির্ভর অনুশীলনসমূহের জন্য নির্দেশনাবলি | ২৫ |
| ৩.৫ দলগত কাজ: নানা ধরনের পরিস্থিতি ও ধরন | ২৮ |
| ৪. প্রশিক্ষণের জন্য বিষয়বস্তু, সময় ও সম্পদের (রিসোর্স) ব্যবস্থাপনা | ৩০ |
| ৫. প্রশিক্ষক কর্মশালার প্রশিক্ষণ | ৫১ |
| ৫.১ পদ্ধতিগত / নির্দেশনামূলক অংশ | ৫২ |
| ৫.২ মধ্যে প্রশিক্ষকদের জন্য নিয়মকানুন | ৫৬ |
| ৫.৩ কীভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করতে হয় এবং গ্রহণ করতে হয় | ৫৬ |
| ৬. অতিরিক্ত তথ্য | ৫৮ |
| ৬.১ যোগ্যতা নিরূপণ ও মূল্যায়ন | ৫৮ |
| ৬.২ তথ্যসূত্র | ৬২ |

১

ভূমিকা

১.১ বাংলাদেশের প্রেক্ষিতে টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ ও জলবায়ু পরিবর্তন

বৈশ্বিক জনসংখ্যার অর্ধেকেরও বেশি মানুষ নগরে বসবাস করেন এবং ছিনহাউস গ্যাসের বড় অংশই উৎপন্ন ও নির্গমন হয় নগরভিত্তিক নগরের অধিবাসীদের বিভিন্ন কর্মকাণ্ডের মাধ্যমে (Revi et al., 2014; Satterthwaite, Huq, Pelling, Reid, & Lankao, 2007)। নগরগুলোই হচ্ছে অর্থনৈতিক প্রবৃদ্ধির মূল চালিকাশক্তি। তা সত্ত্বেও নগরের অধিবাসীদের বড় অংশই এখনো দারিদ্র্যপ্রবণ অস্থায়ীকরণ পরিবেশে বসবাস করেন। তারা এখনো মৌলিক সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত। এমন বাস্তবতায় ২০১৫ ও ২০১৬ সময়ে বিশ্ব সম্পদায় বিশ্বব্যাপী শহর ও নগর উন্নয়নের নির্দেশিকা প্রদানের লক্ষ্যে আন্তর্জাতিক বিভিন্ন চুক্তিতে উপনীত হয়। এসব চুক্তির মধ্যে অন্যতম টেকসই উন্নয়নের জন্য ২০৩০ এজেন্ডা, নতুন নগর উন্নয়ন এজেন্ডা এবং প্যারিস চুক্তি। ২০২০ সালের হিসাব অনুসারে বিশ্বের প্রায় ৫৬ শতাংশ মানুষ নগর ও শহরাঞ্চলে বসবাস করেন। ২০৩০ সাল নাগাদ এ সংখ্যা ৬০ শতাংশে উন্নীত হবে বলে অনুমান করা হচ্ছে। এ পরিস্থিতিতে টেকসই উন্নয়ন অভিষ্ঠ অর্জনে নগরাঞ্চলসমূহ অগ্রণী ভূমিকা রাখবে। অন্যান্য অনেক দেশের মতো বাংলাদেশও টেকসই উন্নয়ন অভিষ্ঠ অর্জনে প্রয়োজনীয় পরিকল্পনা, কৌশল ও নীতিসমূহের বিকাশ ঘটিয়েছে (২০২৬-২০৩০)। এছাড়া জলবায়ু পরিবর্তন মোকাবিলায় কৌশলগত কর্মপরিকল্পনা গ্রহণ করেছে।

বাংলাদেশের সকল ধরনের জাতীয় দলিল এবং অধিকাংশ খাতভিত্তিক উন্নয়ন দলিলাদিতে এসব বৈশ্বিক এজেন্ডা অন্তর্ভুক্ত করা হয়েছে। বৈশ্বিক প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বাংলাদেশসহ অন্যান্য অনেক দেশে স্থানীয় সংস্থাগুলোর নানা ধরনের সহযোগিতা প্রয়োজন। এ ধরনের প্রচেষ্টা অব্যাহত থাকা সত্ত্বেও প্রান্তিক জনগোষ্ঠীর প্রয়োজনীয়তার ওপর সুনির্দিষ্টভাবে নজর দেওয়ার বিষয়টি স্থানীয় পর্যায়ের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের আনুষ্ঠানিক প্রক্রিয়ায় অনুপস্থিত। টেকসই উন্নয়ন অভিষ্ঠ মূল দর্শন ‘কাউকে পেছনে ফেলে নয়’ উজ্জীবিত রাখার ক্ষেত্রে মূল চাবিকাঠি হিসেবে যে বিষয়টি ভূমিকা রাখতে পারে তা হচ্ছে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় প্রান্তিক জনগোষ্ঠীর অন্তর্ভুক্তি।

টেকসই উন্নয়ন অভিষ্ঠ (২০১৬-২০৩০) বাস্তবায়ন এবং সরকারের স্বল্পমেয়াদি ও দীর্ঘমেয়াদি পরিকল্পনার মাধ্যমে জলবায়ু পরিবর্তনের প্রভাবসমূহ ব্যবস্থাপনায় বাংলাদেশ সরকার নানা পদক্ষেপ গ্রহণ করেছে। এসব পরিকল্পনার মধ্যে রয়েছে অষ্টম পঞ্চবৰ্ষিক পরিকল্পনা ২০২০-২০২৫; প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১); বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০ (General Economic Division, 2020a; General Economic Division, 2020b; United Nations, 2015)। বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনা (২০২১-২০৪১) পাঁচ বছরান্তে চারটি ধাপে বাস্তবায়িত হবে। এ বাস্তবায়নের প্রথম ধাপ শুরু হয়েছে অষ্টম পঞ্চবৰ্ষিক পরিকল্পনার মাধ্যমে। এই বাস্তবতায় অষ্টম পঞ্চবৰ্ষিক পরিকল্পনায় ছয়টি মৌলিক প্রতিপাদ্যের ওপর জোর দেওয়া হয়েছে। এই ছয়টি প্রতিপাদ্যের মধ্যে নিম্নোক্ত পাঁচটি বিষয় সরাসরি বৈশ্বিক প্রতিশ্রুতি টেকসই উন্নয়ন অভিষ্ঠ এবং জলবায়ু পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত অভিযোজন ও প্রশমন কার্যক্রমের সঙ্গে সম্পর্কযুক্ত:

- জিডিপি প্রবৃদ্ধি ত্বরান্বিতকরণ, কর্মসংস্থান সৃষ্টি, উৎপাদনশীলতা বাড়ানো এবং দ্রুততার সঙ্গে দারিদ্র্য নিরসন;
- উন্নয়ন প্রক্রিয়া থেকে সব নাগরিকের সুফল প্রাপ্তি নিশ্চিতকরণ এবং উন্নয়ন প্রক্রিয়ায় নাগরিক অংশগ্রহণ নিশ্চিতে তাদের জন্য একটি অন্তর্ভুক্তিমূলক পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ব্যাপকভিত্তিক কৌশল প্রণয়ন এবং সামাজিক সুরক্ষা কার্যক্রমভিত্তিক আয় হস্তান্তর কার্যক্রমের মাধ্যমে দরিদ্র ও প্রাপ্তিক জনগোষ্ঠীকে সহায়তা প্রদান;
- জলবায়ু পরিবর্তন ও দুর্যোগের অভিঘাতসহনশীল টেকসই উন্নয়নের পথনকশা প্রণয়ন; প্রাকৃতিক সম্পদের টেকসই ব্যবহার নিশ্চিতকরণ; এবং অপরিহার্য নগরায়ণের বিবর্তনকে সফলভাবে ব্যবস্থাপনা করা;
- দেশকে উচ্চমধ্যম আয়ের দেশের স্তরে নিয়ে যাওয়ার ক্ষেত্রে অর্থনৈতিকে নেতৃত্ব দেওয়ার জন্য প্রয়োজনীয় প্রতিষ্ঠানের বিকাশ সাধন ও উন্নয়ন; এবং
- টেকসই উন্নয়ন অভিষ্ঠর লক্ষ্যমাত্রাসমূহ অর্জন ও এলডিসি থেকে উন্নয়নের প্রভাব মোকাবিলা করা।

১.২ টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণের জন্য সক্ষমতা জোরদারকরণ

২০১৪ সাল থেকেই বাংলাদেশে জার্মান উন্নয়ন সংস্থার কার্যক্রমের মধ্যে একটি অগাধিকারপ্রাপ্ত বিষয় নগর অঞ্চলে জলবায়ু পরিবর্তনের সাথে অভিযোজন। সেই আলোকেই ২০১৯ সালে ‘ইমপ্রগ্রেড কো-অরডিনেশন অব ইন্টারন্যাশনাল ক্লাইমেট ফাইন্যান্স (আইসিআইসিএফ)’ প্রকল্প গ্রহণ করা হয়। এটি এ কর্মসূচির অবিচ্ছেদ্য একটি অংশ। টেকসই উন্নয়ন অভিষ্ঠর সঙ্গে সম্পর্কযুক্ত জলবায়ু প্রকল্পের নকশা প্রণয়ন, পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে স্থানীয় পর্যায়কে অন্তর্ভুক্ত করা এই প্রকল্পের একটি প্রত্যাশা। টেকসই উন্নয়ন অভিষ্ঠ-সংক্রান্ত জলবায়ু প্রকল্পের পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে স্থানীয় পর্যায়কে কী উপায়ে অন্তর্ভুক্ত করা হবে সে বিষয়টি নির্ধারণ করা যে কোন অভিযোজন প্রকল্পের নিরিখে টেকসই উন্নয়ন অভিষ্ঠ বাস্তবায়নে স্থানীয় পর্যায়ের অনুষ্টকদের অন্তর্ভুক্ত করার ক্ষেত্রে জরুরি। স্থানীয় উপকারভোগী জনগোষ্ঠীর (Local Traget Group) প্রয়োজনসমূহ এবং টেকসই উন্নয়ন অভিষ্ঠ বাস্তবায়নে তাদের অবদানের বিষয় যদি সামনে আনা যায় তাহলে জলবায়ু-সম্পর্কিত প্রকল্পে আন্তর্জাতিক অর্থায়ন নিশ্চিত করা সহজতর হবে। এ বিষয়টি সংশ্লিষ্ট সকল অংশীজন, বিশেষ করে প্রাপ্তিক লক্ষ্যগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করে। এর ফলে তারা ২০৩০ এজেন্ডার মূলনীতির আলোকে চতুর্শীদারিত্বমূলক দায়িত্বপালনচ এবং ‘কাউকে পেছনে ফেলে নয়’ (LNOB) এ নীতির সঙ্গে নিজেদের প্রয়োজনীয়তাসমূহকে সন্তুষ্টিপূর্ণ করতে পারেন। আইসিআইসিএফ প্রকল্পে সিটি করপোরেশন/পৌরসভাসমূহ বিষয়ে যে বিবরণ অন্তর্ভুক্ত করা হয়েছে, তার মূল লক্ষ্য হলো টেকসই উন্নয়ন অভিষ্ঠ বাস্তবায়নে অধিকতর অবদান রাখার জন্য উন্নত সক্ষমতার সুফল গ্রহণ করা এবং উভয় চর্চার পাশাপাশি টেকসই উন্নয়ন অভিষ্ঠর অর্জনসমূহের বিষয়ে অবহিত করা। এটি প্রত্যাশা করা হয় যে, যদি পরিকল্পনা গ্রহণপর্বে টেকসই উন্নয়ন অভিষ্ঠর উদ্দেশ্যবালিকে অন্তর্ভুক্ত করা হয় এবং স্থানীয় লক্ষ্যজনগোষ্ঠীকে পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা হয়, তাহলে জলবায়ু প্রকল্পে অর্থায়নের গ্রহণযোগ্যতা অনেক বৃদ্ধি পায়।

এখানে একটি বিষয় উল্লেখ করা প্রয়োজন, তা হলো বাংলাদেশ সরকার টেকসই উন্নয়ন অভিষ্ঠর অভীষ্ঠসমূহ অর্জনে প্রতিজ্ঞাবদ্ধ। এই পরিপ্রেক্ষিতে সরকার চরম দারিদ্র্য দূরীকরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে এবং ২০৩০ সাল নাগাদ উচ্চমধ্যম আয়ের দেশ হিসেবে মর্যাদা অর্জনের লক্ষ্যে কাজ করছে। এসব উদ্দেশ্যবালি অর্জনের লক্ষ্যে প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-৪১ প্রণয়ন করা হয়েছে। এই পরিকল্পনায় টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১ এজডিজি ২-এর বিষয়ে বিশেষ নজর দেওয়া হয়েছে। কারণ এ অভীষ্ঠ দুটি দারিদ্র্য দূরীকরণের সঙ্গে সম্পৃক্ত। কিন্তু এর পাশাপাশি পরিকল্পনায় অন্যান্য অভীষ্ঠের গুরুত্বের বিষয়টিকেও স্বীকৃতি দিতে হবে। অন্যদিকে টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১৩-এর লক্ষ্যমাত্রাসমূহ অর্জন ও জলবায়ু পরিবর্তন অভিযোজনের এই দৈত্য উদ্দেশ্যবালি অর্জনের লক্ষ্যে ২০২২ সালের অক্টোবরে বাংলাদেশ সরকার বাংলাদেশের জাতীয় অভিযোজন পরিকল্পনা (২০২৩-২০৫০) (NAP) গ্রহণ করে। এনএপিতে ছয়টি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এসব লক্ষ্যমাত্রা অর্জনের জন্য আটটি প্রতিপাদ্যভিত্তিক ১১৩ ধরনের কার্যক্রম গ্রহণ করতে হবে। এই প্রতিপাদ্য এলাকাগুলো হলো – ১. পানিসম্পদ; ২. দুর্যোগ, সামাজিক নিরাপত্তা ও সুরক্ষা; ৩. কৃষি; ৪. মৎস্য, অ্যাকুয়াকালচার ও প্রাণিসম্পদ; ৫. নগর এলাকাসমূহ; ৬. বাস্ততন্ত্র, জলাভূমি ও জীববৈচিত্র্য; ৭. নীতি ও প্রতিষ্ঠান; এবং ৮. সক্ষমতার বিকাশ, গবেষণা ও

উজ্জ্বল। যদিও এ দলিলে টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১৩ অর্জনের বিষয়ে গুরুত্ব দেওয়া হয়েছে, তথাপি এটিতে যেসব পদক্ষেপ গ্রহণের বিষয় প্রস্তাব করা হয়েছে, সেগুলো বাস্তবায়ন করা হলে তা টেকসই উন্নয়ন অভিষ্ঠ ১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১৪ ও ১৬ বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে। ২০২৩ সালের জুনে বাংলাদেশ সরকার টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ: বাংলাদেশ মডেল প্রকাশ করে। এ মডেলে দুটি বিষয়ের ওপর জোর দেওয়া হয়েছে – ১. টেকসই উন্নয়ন অভিষ্ঠ অর্জনে স্থানীয় সরকারের ভূমিকা; এবং ২. টেকসই উন্নয়ন অভিষ্ঠের ভিত্তিতে স্থানীয় সরকারের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন। এই প্রক্রিয়ায় সরকার প্রতিটি জেলা ও উপজেলার প্রাধিকার বিবেচনা করে সেগুলোর জন্য ৩৯টি অগ্রাধিকারমূলক টেকসই উন্নয়ন অভিষ্ঠ লক্ষ্যমাত্রা চিহ্নিত করেছে।

১.৩ প্রশিক্ষণের ধারণা

প্রশিক্ষণের উপকরণ, পদ্ধতি এবং স্থানীয়করণের উপায়সমূহ “City WORKS” শীর্ষক GIZ টুলসের ওপর ভিত্তি করে প্রণীত হয়েছে। City WORKS তৈরি হয়েছে GIZ-এর অনুশীলনভিত্তিক ও মিথস্ক্রিয়াভিত্তিক শিক্ষণ ব্যবস্থার “Sector Program Cities”-এর দীর্ঘমেয়াদি অভিজ্ঞতার মাধ্যমে।

City WORKS আন্তঃসংযুক্ত নানা উপকরণের একটি সমষ্টি বা সেট অন্তর্ভুক্ত করা হয়েছে। এই সেটটি নগরসমূহে বৈশ্বিক এজেন্ডার কার্যকারিতা অনুধাবন, বিশ্লেষণ ও তা প্রতিরোধ করতে সহায়ক ভূমিকা পালন করে। এই উপকরণাদি বা টুলকিটে সুনির্দিষ্ট ধাপে ধাপে বাস্তবায়নযোগ্য বিভিন্ন প্রক্রিয়া তুলে ধরা হয়েছে:

- বৈশ্বিক জলবায়ু অভীষ্টসমূহ ও টেকসই উন্নয়ন অভিষ্টসমূহের (টেকসই উন্নয়ন অভিষ্ঠ) আন্তঃসংযুক্ততার বিষয়ের পাশাপাশি স্থানীয় পর্যায়ে এ-সংক্রান্ত চ্যালেঞ্জসমূহ ও সুযোগসমূহের বিষয়ে একটি সামগ্রিক বৃৎপত্তি সৃষ্টি করা।
- টেকসই উন্নয়ন অভিষ্ঠ ও জলবায়ু বিষয়াদির সংশ্লিষ্টতা চিহ্নিত করা ও সেগুলোর মধ্যে অগ্রাধিকার বাছাই করার জন্য নগরসমূহকে সহায়তা করার পাশাপাশি নগরসমূহের চলমান প্রকল্পসমূহকে জাতীয় পর্যায়ের অবহিতকরণ পদ্ধতির সঙ্গে সন্নিবেশিতকরণ।
- যৌথভাবে স্বপ্রযোদিত স্থানীয় পর্যালোচনা (জাতীয় সূচকসমূহের স্থানীয়করণসহ) কাঠামোর বিকাশ ও প্রয়োগের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে স্থানীয় প্রচেষ্টাসমূহের দৃশ্যমানতা বৃদ্ধিক...
- ফলাফলভিত্তিক কর্মসম্পাদন এবং প্রামাণভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দীর্ঘ মেয়াদে নগরসমূহকে সমর্থন প্রদান।

সিটি করপোরেশন ও পৌরসভাগুলোর সক্ষমতা বৃদ্ধির জন্য নগরভিত্তিক কার্যক্রম ও স্থানীয় পরিস্থিতি বিবেচনাভিত্তিক একই ধরনের উপাদান বাংলাদেশেও প্রয়োগ করা হবে। এই প্রয়োগের উদ্দেশ্য হলো –

- (ক) ২০৩০ এজেন্ডা/টেকসই উন্নয়ন অভিষ্ঠ ও অন্যান্য বৈশ্বিক এজেন্ডা বাস্তবায়নে টেকসই প্রকল্প ধারণার সন্নিবেশ ঘটানোর বিষয়টি নিশ্চিত করা এবং
- (খ) জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশ্নান ও অভিযোজন এবং টেকসই উন্নয়ন নিশ্চিতকল্পে ইতিবাচক সামাজিক, পরিবেশগত ও অর্থনৈতিক প্রভাবের প্রসার ঘটাতে টেকসই প্রকল্প ধারণার সম্ভাবনা কাজে লাগানো।

যেসব প্রকল্পের পরিকল্পনা প্রক্রিয়ায় স্থানীয় প্রাস্তিকজনগোষ্ঠীর প্রয়োজনসমূহ অন্তর্ভুক্ত করা হয় এবং সেগুলোকে টেকসই উন্নয়ন অভিষ্ঠের সঙ্গে সন্নিবেশিত করা হয়, আন্তর্জাতিক অর্থায়ন পাওয়ার ক্ষেত্রে সেসব প্রকল্প অধিকতর উপযোগী হিসেবে বিবেচিত হয়। এ বিষয়টি ২০৩০ এজেন্ডার মূলনীতি ‘অংশীদারিত্বমূলক দায়িত্বপালন’ এবং ‘কাউকে পেছনে ফেলে নয়’ – এ নীতির সঙ্গে নিজেদের প্রয়োজনীয়তাসমূহকে সন্নিবেশিত করতে সংশ্লিষ্ট সকল অংশীজনদের সক্ষমতা বাড়াতে সহায়তা করে।

জাতীয় স্থানীয় সরকার ইনসিটিউটের (NILG) মাধ্যমে বাংলাদেশে City WORKS পাইলট প্রয়োগ। এ প্রতিষ্ঠানটি তাদের ওপর অর্পিত দায়িত্ব পালনের মাধ্যমে দেশে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (LGI) শক্তিশালীকরণে অনুঘটকের ভূমিকায় অবতীর্ণ হবে। সেন্টার ফর রিজিওনাল ডেভেলপমেন্ট স্টাডিস, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) জাতীয়

স্থানীয় সরকার ইনসিটিউটকে পাইলটিং কাজে সহায়তা করেছে। সংশ্লিষ্টদের প্রশিক্ষণ প্রদান এবং সংশ্লিষ্ট খাতে গবেষণা পরিচালনার মাধ্যমে দেশে স্থানীয় সরকার গুলোকে শক্তিশালীকরণে জাতীয় স্থানীয় সরকার ইনসিটিউটের (NILG) ওপর দায়িত্ব অর্পণ করা হয়েছে। জেলা ও উপজেলা পর্যায়ে টেকসই উন্নয়ন অভিষ্ঠ বিষয়ে কার্যক্রম পরিচালনার জন্য NILG প্রশিক্ষকদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ (ToT) ম্যানুয়ালের বিকাশ সাধন ও তা বাস্তবায়ন করেছে। বিশেষত স্থানীয় সরকার প্রতিষ্ঠানে টেকসই উন্নয়ন অভিষ্ঠের ক্ষেত্রে এ ম্যানুয়াল একটি কার্যকর অভিযন্তে হিসেবে আবির্ভূত হয়েছে। বিশেষত সিটি করপোরেশন এলাকাগুলোকে টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে এওড়েও কার্যক্রম সম্প্রসারণ ও ঘণ্টখে র সহায়তায় আইসিআইসিএফ প্রকল্পে কিছু সুনির্দিষ্ট সুযোগ চিহ্নিত করা হয়েছে। এ কার্যক্রমের লক্ষ্য হলো স্থানীয় সরকার প্রতিষ্ঠানের পরিচালন কার্যক্রমের সঙ্গে সম্পর্কিত প্রধান পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলা করা ও টেকসই উন্নয়ন নিশ্চিত করা।

খুলনা সিটি করপোরেশনের মনোনীতি কর্মকর্তাগণ ও NILG র নির্বাচিত কর্মকর্তাগণ সিটি ওয়ার্ক শীর্ষক উপকরণের প্রয়োগ বিষয়ে পাইলটিং (১ম পর্ব) এর সময় অভিজ্ঞতা সঞ্চয় করতে পারবেন। এর পাশাপাশি জাতীয় ও স্থানীয় বিভিন্ন বিষয়াভিন্ন কিছু সুনির্দিষ্ট উপকরণ বিষয়েও তারা অভিজ্ঞতা অর্জনের পাশাপাশি এসব পদ্ধতির বিষয়ে নিজেদের মূল্যবান মতামত তুলে ধরার সুযোগ পান। পরবর্তীতে দ্বিতীয় পর্যায়ে প্রশিক্ষণে NILG র প্রশিক্ষকদের পদ্ধতিগত/শিক্ষামূলক এবং অনুশীলনভিত্তিক প্রশিক্ষণ দক্ষতার ওপর জোর দেওয়া হয়, যাতে করে তারা সেই দক্ষতা প্রয়োগ ও বিকাশের সুযোগ পান।

অনুশীলনভিত্তিক ও মিথস্ক্রিয়ামূলক শিখনের উদ্দেশ্য হলো প্রশিক্ষণার্থী কর্তৃক সম্পূর্ণ হওয়া প্রায়োগিক মিথস্ক্রিয়ামূলক শিখন কার্যক্রমের বার্তা ছড়িয়ে দেওয়া। সাধারণত একটি প্রশিক্ষণ দুই বা তার অধিক প্রশিক্ষকের সহায়তায় পরিচালিত হয় এবং একটি প্রশিক্ষণ অধিক্ষেপনে ১০ থেকে ২৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেওয়া হয়। ভিন্ন ভিন্ন মাধ্যমে প্রশিক্ষণে NILG র প্রশিক্ষকদের পদ্ধতিগত/শিক্ষামূলক এবং অনুশীলনভিত্তিক প্রশিক্ষণ দক্ষতার ওপর জোর দেওয়া হয়, যাতে করে তারা সেই দক্ষতা প্রয়োগ ও বিকাশের সুযোগ পান।

- প্রশিক্ষণে প্রশিক্ষক প্রথমে প্রয়োজনীয় তাত্ত্বিক পটভূমি বর্ণনা করেন এবং প্রশিক্ষণের অংশ হিসেবে একটি নমুনা কাজের বিষয়ে প্রশিক্ষণার্থীদের অবগত করেন।
- নমুনা কাজ (কেস ওয়ার্ক) অংশগ্রহণকারীদের নগর ও জলবায়ু পরিবর্তনের সঙ্গে সম্পর্কযুক্ত একটি দলের সঙ্গে কাজ করার সুযোগ করে দেয়।
- প্রশিক্ষণে কী শেখানো হলো তা প্রতিফলনের সুযোগ তৈরি হয় প্লেনারি/সমাপনী/শিখন ফলভিত্তিক আলোচনায়। এ পর্বে পারস্পরিক শিখনের অভিজ্ঞতা আদান প্রদানের সুযোগ তৈরি হয়। বিভিন্ন প্রশ্নের মাধ্যমে প্রশিক্ষক দিকনির্দেশনা প্রদান করেন এবং এর ফলে বিভিন্ন বিকল্প সমাধান বের হয়ে আসে এবং ক্ষেত্রে বিশেষে সংশোধন করা সম্ভব হয়। চূড়ান্ত প্রতিফলনে প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা তাদের লক্ষ অভিজ্ঞতার বাস্তবভিত্তিক পরিস্থিতিতে প্রয়োগের সুযোগ পান।

শিক্ষণ/প্রশিক্ষণ কার্যক্রমে সহায়তার জন্য প্রশিক্ষণ উপকরণের ভিন্ন ভিন্ন সেট সরবরাহ করা হয়েছে:

- এই সেটের মধ্যে পাওয়ারপয়েন্ট স্লাইডের একটি লাইব্রেরি রয়েছে। এটি দলগত অনুশীলন (গ্রহণওয়ার্ক) ব্যাখ্যাকরণ এবং প্রতিটি মডিউলের ভূমিকাভিত্তিক ইনপুটকে সহায়তা প্রদান করে (এটি প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের সামনে উপস্থাপন করবেন এবং পরবর্তীতে এটির সফট কপি প্রশিক্ষণার্থীদের কাছে হস্তান্তর করবেন)।
- এ পর্যায়ে প্রশিক্ষণে অংশগ্রহণকারীরা প্রধানত যেসব উপকরণ ব্যবহার করবেন, সেগুলো হচ্ছে প্রশিক্ষণ ম্যানুয়াল/হ্যান্ডআউট। এই হ্যান্ডআউটে অনুশীলন ও নমুনা কর্মের বিষয়ে প্রয়োজনীয় দিকনির্দেশনা ও তথ্যাদি এবং অন্যান্য বাড়িতি তথ্যাদি সংবলিত থাকে।
- প্রশিক্ষকের হ্যান্ডবুকও সহজলভ্য করা হবে। এর পাশাপাশি অংশগ্রহণমূলক প্রশিক্ষণ পদ্ধতির (পর্ব ১) মৌলিক বিষয়াবলি এবং প্রতিটি মডিউল পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সহজপ্রাপ্য করা হবে (পর্ব ২, সহায়ক পরিকল্পনা)
- মূল্যায়ন, প্রশিক্ষণপূর্ব ও প্রশিক্ষণ-পরবর্তী মূল্যায়ন এবং প্রয়োজনীয় উপকরণের তালিকা ও উপকরণাদি সরবরাহ করা হবে।

১.৪ প্রশিক্ষণের উদ্দেশ্যাবলি ও কাঠামো

এই প্রশিক্ষণ ম্যানুয়ালে মোট আটটি ব্লক রয়েছে। ব্লক ‘০’ থেকে ব্লক ‘৫’ পর্যন্ত অংশগ্রহণকারীদের প্রশিক্ষণের বিষয়ে জোর দেওয়া হয়েছে (প্রথম থেকে তৃতীয় দিন)। ব্লক ‘৬’ ও ‘৭’ হচ্ছে পদ্ধতিগত অংশ এবং এটি প্রশিক্ষকদের প্রশিক্ষণের জন্য নির্দিষ্ট (চতুর্থ ও পঞ্চম দিন – পদ্ধতিগত/শিক্ষামূলক/মধ্যে প্রশিক্ষকের উপস্থাপনা)।

ব্লক ০. স্বাগত ও পরিচিতি পর্ব

অভীষ্ট: প্রশিক্ষণ ও প্রশিক্ষণের পদ্ধতি বিষয়ে ধারণা প্রদান, অংশগ্রহণকারীদের পরিচিতিপর্ব

ব্লক ১: টেকসই উন্নয়ন অভীষ্ট ও জলবায়ু – আন্তর্জাতিক, জাতীয় ও স্থানীয় প্রেক্ষিত

অভীষ্ট: জলবায়ু ও টেকসই উন্নয়ন অভীষ্টের মৌলিক ফলাফলগুলো সম্পর্কে বোধগম্যতা সৃষ্টি; টেকসই উন্নয়ন অর্জন কার্যক্রমে সহায়তা করার ক্ষেত্রে স্থানীয় সরকারের কর্মকাণ্ডের ভূমিকা ও সীমাবদ্ধতাসমূহ; এবং টেকসই উন্নয়ন বাস্তবায়নে বাংলাদেশের নগর/স্থানীয় সরকারের করণীয়।

ব্লক ২: অংশীজনদের অন্তর্ভুক্তকরণ ও বিশ্লেষণের জন্য সহায়ক উপাদানসমূহ

অভীষ্ট: বৈশ্বিক অভীষ্টসমূহ বাস্তবায়নে সমন্বিত স্থানীয় উদ্যোগ গ্রহণ প্রক্রিয়ায় সহায়তার জন্য প্রাতিষ্ঠানিক, শাসনগত ও অংশীজনদের অন্তর্ভুক্ত করার বিষয়ে নজর দেওয়া।

ব্লক ৩: জলবায়ু পরিবর্তন ও ঘাতসহনশীলতা বিষয়ে বিভিন্ন চ্যালেঞ্জ ও সুযোগসমূহের মূল্যায়ন

অভীষ্ট: অংশগ্রহণকারীদের শহরসমূহ যেসব প্রধান প্রধান সমস্যার সম্মুখীন হয়, সেগুলো চিহ্নিতকরণে অংশগ্রহণকারীদের একটি সমষ্টিগত পদক্ষেপের দিকে ধাবিতকরণ এবং এসব ইস্যু মোকাবিলায় জাতীয় ও বৈশ্বিক জলবায়ু এজেন্ডা ও ঘাতসহনশীলতা এজেন্ডার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের দিকে চালিত করা।

ব্লক ৪: প্রকল্পের জন্য যুক্তিসিদ্ধ লজিক্যাল ফ্রেমওয়ার্কের বিকাশ সাধন

অভীষ্ট: একটি লজিক্যাল ফ্রেমওয়ার্ক (Logical Framework) অধীনে বৈশ্বিক এজেন্ডাগুলো কী উপায়ে প্রতিফলিত হতে পারে তা অনুধাবন করা।

ব্লক ৫: অভীষ্ট অর্জনের পরিমাপকরণ

অভীষ্ট: বাংলাদেশে টেকসই উন্নয়ন অভীষ্ট স্থানীয়করণের পথনকশার বিষয়ে দৃষ্টিপাত; উপাত্তের (data) চ্যালেঞ্জ বিষয়ে আলোচনা ও ধারণা অর্জন এবং সম্ভাব্য উত্তাবনী ধারণাসমূহের বিকাশ, প্রকল্পে সুনির্দিষ্ট সূচক অনুসন্ধানের চেষ্টা এবং কৌশলগত পর্যায়ে স্থানীয় পর্যায়ে অবহিতকরণ ও পরিবীক্ষণ কাজে সহায়তা করা।

ব্লক ৬: পদ্ধতিগত/শিক্ষামূলক দক্ষতাসমূহ

অভীষ্ট: প্রশিক্ষণ অভিভাবক এবং বয়স্ক প্রশিক্ষণের শিক্ষামূলক দিকসমূহ আলোচনা এবং একটি মিথস্ক্রিয়ামূলক/অনুশীলনভিত্তিক প্রশিক্ষণের জন্য পদ্ধতিগত/শিক্ষামূলক ধারণাগুলোর সঙ্গে পরিচিত হওয়া

ব্লক ৭: মধ্যে প্রশিক্ষকদের উপস্থাপনা

অভীষ্ট: টেকসই উন্নয়ন অভীষ্ট স্থানীয়করণ বিষয়ে অনুশীলনভিত্তিক জ্ঞানকে অধিকতর শক্তিশালীকরণ, একই সঙ্গে প্রশিক্ষক দলের অভ্যন্তরে একজন প্রশিক্ষক হিসেবে অনুশীলন করা এবং ফিডব্যাক দেওয়া ও গ্রহণ করা

নিম্নোক্ত সারণিতে পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণের প্রস্তাবিত খসড়া কাঠামোর বিষয়ে একটি সাধারণ ধারণা প্রদান করা হলো।

| পর্ব ১. প্রথম দিন, টেকসই উন্নয়ন অভিষ্ঠ ও জলবায়ু অভীষ্ঠসমূহ অনুধাবন | প্রথম দিন | ফরম্যাট | উপস্থাপক/ মডারেটর |
|--|---------------|--------------------------------|----------------------|
|  নিবন্ধন | ০৮.৪৫ - ০৯.৪৫ | | |
|  আনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো - উদ্ঘোধনী মন্তব্য - স্বাগত বক্তব্য | ০৯.৪৫ - ১০.১৫ | বক্তৃতামালা | |
|  পরিচিতি ও গ্রুপ ছবি | ১০.১৫ - ১০.৩০ | ছবি | |
|  পালনীয় নিয়মাবলী সম্পর্কে অবহিতকরণ | ১০.৩০ - ১০.৪৫ | বক্তৃতা | |
|  খন ১: টেকসই উন্নয়ন ও জলবায়ু – আন্তর্জাতিক, জাতীয় ও স্থানীয় প্রেক্ষিত টেকসই উন্নয়ন ও জলবায়ু এজেন্ডাসমূহের বিষয়ে পর্যালোচনা স্থানীয় পর্যায়ের প্রশাসন ও দায়িত্ব অপর্ণ (সিটি করপোরেশন) (NILG) | ১০.৪৫ - ১১.৩০ | বক্তৃতা | |
|  বিরতি | ১১.৩০ - ১১.৪৫ | | |
|  অনুশীলন ‘এজেন্ডা চিহ্নিতকরণ’ | ১১.৪৫ - ১২.৪৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
|  মধ্যাহ্ন ভোজ ও নামাজের বিরতি | ১২.৪৫ - ১৪.৩০ | | |
|  উদ্বীপক কার্যক্রম – টেকসই উন্নয়ন জোড় মেলানো | ১৪.৩০ - ১৪.৪৫ | | |
|  টেকসই উন্নয়ন অভিষ্ঠ-চক্র | ১৪.৪৫ - ১৬.০০ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
|  টেকসই উন্নয়ন অর্জনে স্থানীয় সরকারের কর্মকাণ্ড ও অর্পিত দায়িত্ব | ১৬.০০ - ১৬.৪৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
|  সমাপনী ও প্রথম দিনের পর্যালোচনা | ১৬.৪৫ - ১৭.০০ | | |

| পর্ব ১. দ্বিতীয় দিন; অংশীজনদের অন্তর্ভুক্তকরণ এবং টেকসই উন্নয়ন ও জলবায়ু বিষয়াদির আলোকের আপনার শহরের মূল্যায়ন | দ্বিতীয় দিন | ফরম্যাট | উপস্থাপক/ মডারেটর |
|---|---------------------------------|---|----------------------|
| নিবন্ধন | ০৮.৪৫ - ০৯.২০ | | |
| অনুষ্ঠানস্থলে প্রবেশ, এজেন্ডা গ্রহণ ও বুরো নেওয়া | ০৯.২০ - ০৯.৪০ | উন্মুক্ত আলোচনা | |
| ইলেক্ট্রনিক প্রেছেন্সি প্রক্রিয়া এবং প্রক্রিয়া প্রক্রিয়া প্রক্রিয়া ব্লক ২: অংশীজনদের অন্তর্ভুক্তকরণ ও বিশ্লেষণের জন্য সহায়ক উপাদানসমূহ অংশীজনদের অন্তর্ভুক্তকরণ অনুশীলন | ০৯.৪০ - ১২.০০ | বক্তৃতা দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
| বি঱তি | দুই অধিবেশনের মধ্যবর্তী সময় | | |
| উদ্দীপক কার্যক্রম | ১২.০০ - ১২.১৫ | | |
| বি঱তি | ১১.৩০ - ১১.৪৫ | | |
| ইলেক্ট্রনিক প্রেছেন্সি প্রক্রিয়া এবং প্রক্রিয়া প্রক্রিয়া ব্লক ৩: জলবায়ু পরিবর্তন ও ঘাতসহনশীলতা বিষয়ে স্থানীয় পর্যায়ের বিভিন্ন চ্যালেঞ্জ ও সুযোগসমূহের মূল্যায়ন স্থানীয় পর্যায়ে জলবায়ু পরিবর্তন ও ঘাতসহনশীলতার স্তর বিশ্লেষণ | ১২.১৫ - ১৩.১৫ | বক্তৃতা কর্মভিত্তিক শিখন | |
| মধ্যাহ্ন ভোজ | ১৩.১৫ - ১৪.৩০ | | |
| বাংলাদেশে টেকসই উন্নয়ন স্থানীয়করণের যথার্থতা | ১৪.৩০ - ১৫.০০ | বক্তৃতা | |
| মানচিত্রের মাধ্যমে চ্যালেঞ্জ ও সুযোগসমূহের স্থানিকীকরণ (টেকসই উন্নয়ন অভিষ্ঠ, জলবায়ু, ঘাতসহনশীলতা) | ১৫.০০ - ১৬.৪৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
| বি঱তি | দুই অধিবেশনের মধ্যবর্তী সময় | | |
| সমাপনী ও দ্বিতীয় দিনের পর্যালোচনা | ১৬.৪৫ - ১৭.০০ | | |

| পর্ব ১. ত্রুটীয় দিন, প্রকল্পসমূহ, উপাত্ত ও সূচকসমূহ এবং কর্মকৌশল | ত্রুটীয় দিন | ফরম্যাট | উপস্থাপক/ মডারেটর |
|--|---------------------------------|---|----------------------|
| নিবন্ধন | ০৮.৪৫ - ০৯.২০ | | |
| অনুষ্ঠানস্থলে প্রবেশ, এজেন্ডা গ্রহণ ও বুরো নেওয়া | ০৯.২০ - ০৯.৩০ | উন্মুক্ত আলোচনা | |
| ব্লক ৪: প্রকল্পের জন্য লজিক্যাল ফ্রেমওয়ার্ক (Logical Framework) অনুশীলন | ০৯.৩০ - ০৯.৫০ | বক্তৃতা দলগত অনুশীলন (গ্রহণওয়ার্ক) | |
| পরিবর্তনের তত্ত্ব/ লজিক্যাল ফ্রেমওয়ার্ক স্থানীয়ভাবে গৃহীত সূচকসমূহ | ০৯.৫০ - ১২.০০ | বক্তৃতা দলগত অনুশীলন (গ্রহণওয়ার্ক) | |
| বিবরিতি | দুই অধিবেশনের মধ্যবর্তী সময় | | |
| সম্পদ সংহতকরণ – যেভাবে অনুষ্টকরণ স্থানীয় উদ্যোগকে সহায়তা করতে পারে | ১২.০০ - ১৩.৩০ | দলগত অনুশীলন (গ্রহণওয়ার্ক) | |
| মধ্যাহ্ন ভোজ | ১৩.৩০ - ১৪.৩০ | | |
| ব্লক ৫: অভীষ্টের অগ্রগতি পরিমাপকরণ টেকসই উন্নয়ন অভিষ্ট স্থানীয়করণের জন্য ডিজিটাল উপকরণসমূহ | ১৪.৩০ - ১৫.৩০ | উপকরণের ডেমো প্রদান | |
| কার্যক্রম গ্রহণের পথনকশা | ১৫.৪৫ - ১৬.০০ | বাড়ীর কাজ | |
| মূল্যায়ন/ফিডব্যাক | ১৬.০০ - ১৬.১৫ | লিখিত, মৌখিক | |
| নিজের প্রতি চির্টি | ১৬.১৫ - ১৬.৪৫ | লিখিত | |
| সমাপনী অধিবেশন – সনদ বিতরণ – স্থানীয় সরকার প্রধানের সমাপনী ভাষণ | ১৭.০০ - ১৭.৩৫ | | |

| পর্ব ২. চতুর্থ দিন পদ্ধতিগত/শিক্ষামূলক দক্ষতা | চতুর্থ দিন | ফরম্যাট | উপস্থাপক/ মডারেটর |
|--|---------------|--------------------------------|----------------------|
| নিবন্ধন | ০৮.৪৫ - ০৯.০০ | | |
| স্বাগত সম্মানণ এবং পর্ব ২ -এর আলোচ্যসূচী / অভীষ্ট পরিচিতি | ০৯.০০ - ০৯.১৫ | বক্তৃতা | |
| মিথস্ক্রিয়ামূলক প্রশিক্ষণ: বয়স্করা যেভাবে শেখেন / একটি ভালো প্রশিক্ষণের উপায়সমূহ / সফল বিষয়সমূহ | ০৯.১৫ - ১০.০০ | বক্তৃতা | |
| মানুষ ও স্থানসমূহ / বিতর্কভিত্তিক শিখনের মূলনীতিসমূহ / প্রশিক্ষণকালের জটিল সময়সমূহ ও সেগুলোর প্রতিকার | ১০.০০ - ১১.০০ | বক্তৃতা | |
| বিরতি | ১১.০০ - ১১.১৫ | | |
| প্রশিক্ষণ কর্মসূচির বিকাশ | ১১.১৫ - ১২.৩০ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
| মধ্যে প্রশিক্ষকের উপস্থিতি - পরিচিতি / দলগঠন | ১২.৩০ - ১৩.০০ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
| মধ্যাহ্ন ভোজ | ১৩.০০ - ১৪.০০ | | |
| উদ্বীপক কার্যক্রম | ১৪.০০ - ১৪.১৫ | উদ্বীপক কার্যক্রম | |
| একটি প্রশিক্ষণ অনুশীলনের জন্য সংশ্লিষ্ট দলের প্রস্তুতি | ১৪.১৫ - ১৫.১৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
| মধ্যে প্রশিক্ষকদের উপস্থিতি: সংশ্লিষ্ট দল একটি বাছাইকৃত প্রশিক্ষণ অনুশীলন উপস্থাপন করে ফিডব্যাক গ্রহণ করবে | ১৫.১৫ - ১৬.৪৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
| ফিডব্যাক অধিবেশন | ১৬.৪৫ - ১৭.১৫ | উন্মুক্ত আলোচনা | |

| পর্ব ২. চতুর্থ দিন পদ্ধতিগত/শিক্ষামূলক দক্ষতা | পথওম দিন | ফরম্যাট | উপস্থাপক/ মডারেটর |
|--|---------------|--------------------------------|----------------------|
|  নিবন্ধন | ০৮.১৫ - ০৮.৩০ | | |
|  প্রশিক্ষণস্থলে প্রবেশ ও উদ্বীপক কার্যক্রম | ০৮.৩০ - ০৮.৪৫ | বক্তৃতা | |
|  মধ্যে প্রশিক্ষকের উপস্থাপনা ২: সংশ্লিষ্ট দল  একটি বাছাইকৃত প্রশিক্ষণ অনুশীলন উপস্থাপন করে ফিডব্যাক গ্রহণ করবে | ০৮.৪৫ - ১০.১৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
|  দলগত অনুশীলনের ফিডব্যাক | ১০.১৫ - ১০.৪৫ | দলগত অনুশীলন (গ্রুপওয়ার্ক) | |
|  বিরতি | ১০.৪৫ - ১১.০০ | | |
|  ফিডব্যাকের ওপর সুনির্দিষ্ট আলোচনা, তথ্য সংগ্রহ, পরবর্তী ধাপ | ১১.০০ - ১২.০০ | উন্মুক্ত আলোচনা | |
|  মধ্যাহ্ন ভোজ | ১২.০০ - ১৩.০০ | | |

প্রশিক্ষণের অধিকতর ফলাফলসমূহ

- ২০৩০ এজেন্ডা বাস্তবায়নে স্থানীয় অনুষ্ঠটকদের প্রাসঙ্গিকতা বিষয়ে সাধারণ ব্যৃৎপত্তির উন্নয়ন, স্থানীয় পর্যায়ে বৈশিক এজেন্ডা বিষয়ে স্পষ্ট ধারণা তৈরির বিষয়ে সহায়তাকরণ
- প্রাসঙ্গিক টেকসই উন্নয়ন অভিষ্ট ও সূচকসমূহের বিষয়ে অনুশীলনভিত্তিক ব্যৃৎপত্তি জোরদারকরণ
- দৈনন্দিন কাজের মাধ্যমে টেকসই উন্নয়ন অভিষ্ট বাস্তবায়নে সুগঠিত ধারণা প্রদান
- অনুভূমিক/ পিয়ার-টু -পিয়ার শিখনের সুযোগ প্রদান এবং অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে গুরুত্বপূর্ণ অভ্যর্থনা অনুধাবন

অংশগ্রহণমূলক প্রশিক্ষণ পদ্ধতির মৌলিক বিষয়সমূহ

২.১ মিথস্ক্রিয়ামূলক প্রশিক্ষণের টিপস ও প্রজ্ঞানসমূহ

- একজন প্রশিক্ষকের কথা কম বলা শ্রেণি। তাকে ১০:৬০:৩০ রূল অনুসরণ করতে হবে। অভিবেশনের (সেশন) ১০ শতাংশ সময় ব্যয় করতে হবে তাত্ত্বিক আলোচনায়, ৬০ শতাংশ সময় দিতে হবে সক্রিয় মিথস্ক্রিয়া / সমস্যা সমাধান (কেসওয়ার্ক) / গোষ্ঠীকর্মে (গ্রুপওয়ার্ক), ৩০ শতাংশ সময় দিতে হবে আলোচনা, প্রশিক্ষণের প্রতিফলন, উপসংহার এবং অংশগ্রহণকারীদের বাস্তব কর্মক্ষেত্রে দক্ষতা কাজে লাগানোর বিষয়ে।
- অংশগ্রহণকারীদের সৃজনশীলতা প্রয়োগে উৎসাহিত করা এবং সকলের সক্রিয় মিথস্ক্রিয়ার জন্য উপযোগী করা। বয়স্ক অংশগ্রহণকারীদের খুবই গুরুত্বের সঙ্গে পরিচালিত করতে হবে। কোনো ব্যক্তিই সবকিছু জানেন না (আপনি নিজেসহ), কিন্তু প্রত্যেকেই কিছু না কিছু জানেন। আপনার অংশগ্রহণকারীদের যথেষ্ট অভিজ্ঞতা রয়েছে এবং তারা সে অভিজ্ঞতা অন্যদের সঙ্গে ভাগাভাগি করতে চান।
- পারস্পরিক কথোপকথনের মাধ্যমে সমস্যা সমাধান ও তথ্যের আদানপ্রদান উৎসাহিত করুন: আপনার নিজের সঙ্গে অংশগ্রহণকারীদের এবং অংশগ্রহণকারীদের নিজেদের মধ্যে এই আদান প্রদানের ব্যবস্থা করুন। পূর্ণবয়স্করা নিজেদের মধ্যে পারস্পরিক কথোপকথনের মাধ্যমে অধিকতর ভালোভাবে একটি বিষয় রঞ্চ করতে পারেন। অংশগ্রহণকারীদের ওপর আপনার নিজের মতামত চাপিয়ে দিতে যাবেন না।
- প্রশ্নের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে কৌতুহল বৃদ্ধিকরণ ও নতুন পদ্ধতি উভাবনের বিষয়ে প্রেরণা প্রদান। গ্রুপওয়ার্কের জন্য যত্নসহকারে ও সংক্ষিপ্তাকারে প্রশ্নাবলি প্রস্তুতকরণ। যদি সম্ভব হয়, সেই প্রশ্নাবলি আপনার প্রশিক্ষক দলের মাধ্যমে পূর্ব পরীক্ষা করে নিতে পারেন।
- একটি ফ্লিপচার্ট বা বোর্ডে দলগত অনুশীলন বা গ্রুপওয়ার্কের প্রশ্নাবলি উপস্থাপন করুন এবং সেগুলো বিশ্লেষণ করুন এবং অধিকতর স্পষ্টীকরণ প্রয়োজন আছে কি না, সে বিষয়ে জিজ্ঞাসা করুন।
- একটি যথোপযুক্ত পর্যায়ের সমস্যা সৃষ্টি করুন। সমস্যা এমন পর্যায়ে সৃষ্টি করতে হবে যাতে অংশগ্রহণকারীরা সে জটিলতা সমাধানের চ্যালেঞ্জ গ্রহণ করতে পারেন, কিন্তু কোনোভাবেই সমস্যা দিয়ে তাদেরকে হতাশ করা যাবে না। নির্দেশনার বিষয়ে ভবিষ্যদ্বাণী করা উচিত এবং অংশগ্রহণকারীদের পুরস্কৃত করার মাধ্যমে সফলতার সঙ্গে প্রশিক্ষণের সমাপনী করতে হবে।
- অংশগ্রহণকারীদের সমাজ-সাংস্কৃতিক ও পেশাগত পটভূমি, কর্মক্ষেত্রের অবস্থা জানার জন্য নিজে কথা বলার পূর্বে অন্যদের থেকে শুনুন, তাদের থেকে প্রশ্ন গ্রহণ করুন।

- রিসোর্স পারসন বা প্লেনারির প্রশিক্ষককে যে বিষয়ের ওপর প্রশিক্ষণ দেওয়ার নির্দেশনা দেওয়া হয়েছে, সংশ্লিষ্ট সেই আলোচ্য বিষয় বা পদ্ধতিগত প্রশাাবলির ওপর গুরুত্ব দেওয়ার চেষ্টা করুন। অংশগ্রহণকারীরা যদি কোনো সমস্যা সমাধানের বিষয়ে প্রশিক্ষকের সহায়তা চায়, তাহলেও একই নিয়ম প্রযোজ্য হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিকে নির্ধারিত নিয়মাবলির বিষয়টি স্মরণ করিয়ে দেওয়া যেতে পারে: ‘যদি কোনো ব্যক্তি কোনো সমস্যা বোধ করেন, তাহলে সেটি সমাধানের জন্য প্রশিক্ষকের দায়িত্ব নেওয়া উচিত।’
- নিজের শিখন পদ্ধতি সবসময় সঠিক ভাববেন না। নিজেকে আত্মসমালোচনামূলক হতে হবে এবং নিজের কর্মকাণ্ডের আত্মযুক্তিমূলক করতে হৃদেলগত অনুশীলন/গ্রন্থপত্র বা অন্যান্য কাজের জন্য সর্বদা পরিমিত ও পর্যাপ্ত সময় বরাদ্দ করুন এবং কাজের মধ্যখানে বিরতি দেওয়ার বিষয়টি পরিহার করুন।
- সময়ে সময়ে এবং নিশ্চিতভাবে প্রতিদিন সকালে এ বিষয়টি পর্যালোচনা করুন যে আপনি প্রশিক্ষণ কর্মসূচির কোন পর্যায়ে আছেন: শিখন প্রক্রিয়ার সর্বশেষ বিষয়বস্তু বা সর্বশেষ ধাপ স্মরণ করার চেষ্টা করুন এবং পরবর্তীতে যে কর্মসূচি অনুসরণ করতে হবে, সে বিষয়ের প্রতি দৃষ্টিপাত করুন।
- অংশগ্রহণকারী কর্মদলগুলোর উত্তোলিত ফলাফল সম্পর্কে আলোচনা করা ও সেগুলো অন্যদের সম্মুখে প্লেনারিতে তুলে ধরার জন্য সর্বদা সময় ও সুযোগ নিশ্চিত করুন। তারা এক্ষেত্রে যে প্রচেষ্টা নিয়েছেন, সেটির প্রতি শ্রদ্ধাশীল থাকুন। সময় যদি একটি জরুরি বিষয় মনে হয়, তাহলে অত্যন্ত অংশগ্রহণকারী দলগুলোকে তাদের কর্মকাণ্ড উপস্থাপনকালে উপসংহার আকারে সারবস্তু তুলে ধরতে আহ্বান জানান।
- যথাযথ ক্রমধারা সৃষ্টির এবং মিশ্র পদ্ধতি প্রয়োগের মাধ্যমে কর্মশালার জন্য একটি উভয় কার্যপ্রবাহ সৃষ্টি করুন। উদাহরণস্বরূপ, গোষ্ঠীবন্দ কাজের ওপর ভিত্তি করে একটি পূর্ণাঙ্গ অধিবেশন অনুসরণের মাধ্যমে নিবিড় গোষ্ঠীকর্মের একটি ধাপ রয়েছে। এক্ষেত্রে সংশ্লিষ্টদের সক্রিয় অংশগ্রহণ প্রয়োজন, তবে তা পূর্বের ধাপের মতো একই রূপ হতে হবে এমন নয়। এর অর্থ বুদ্ধিবৃত্তিক (জ্ঞানগত), মানসিক ও শারীরিক আবেগকে মিশ্রিত করা। পুরোটা দিনব্যাপী বক্তৃতা শোনা এবং ‘সর্বদা এবই ধরনের কর্মগোষ্ঠী (ওয়ার্কিং গ্রুপ)’ উভয়পক্ষের জন্য পীড়িদায়ক হয়ে উঠতে পারে। এক্ষেত্রে অধিবেশনে ইনপুট/বক্তৃতা, দলগত অনুশীলন, আলোচনা, চিন্তা-উদ্দীপক, মনোগ্রাহী, buzz groups, বিভিন্ন ধরনের গেমস ও অংশগ্রহণকারীদের নানা ধরনের ভূমিকা রাখার সুযোগের মিশ্রণ নিশ্চিত করতে হবে। তবে সর্বদা একটি বিষয় মনে রাখতে হবে যে, সকল ক্ষেত্রে একটি নির্দিষ্ট কর্মপদ্ধা অনুসরণ করতে হবে।
- কোনো নির্দিষ্ট অধিবেশন থেকে গৃহীত শিক্ষার প্রতিফলন ঘটানো, প্রশাাবলির জবাব প্রদান বা ধারণা সংগ্রহের জন্য অংশগ্রহণকারীদের পরস্পরের মধ্যে মিথস্ক্রিয়া উৎসাহিত করার জন্য ‘বাজ-হ্রপ’ বা গুঞ্জন দল ব্যবস্থার প্রচলন করতে হবে। এ কাজটি করার জন্য একটি প্লেনারি অধিবেশনে অংশগ্রহণকারীদের দুই-চার জনের উপদলে ভাগ করতে হবে। তারা কেবল নিজেদের চেয়ারগুলোকে একটু এদিক-সেদিক করে নিজেদের মতো হলে ভাগ হয়ে যাবেন এবং একটি নির্দিষ্ট প্রশ্নের বিষয়ে সংক্ষিপ্ত পরিসরে আলোচনা করবেন। উপদলগুলো যখন আলোচনার শুরু করবে, তখন কক্ষের মধ্যে তৎক্ষণাত্মে গুঞ্জন শোনা যাবে। প্রতিটি উপদল দুটি বা তিনটি হাইলাইট পয়েন্টের বিষয়ে ঐকমত্যে পৌঁছাবে এবং সেগুলো প্লেনারিতে অবহিত করবে।
- দলগুলোর গঠনে যাতে গতিশীলতা নিশ্চিত হয়, সে বিষয়ে সতর্ক থাকুন। অংশগ্রহণমূলক ব্যবস্থায় সকলে স্বাচ্ছন্দ্য বোধ করেন না। এমনও হতে পারে যে, অংশগ্রহণকারীরা হয়তো এমন একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি থেকে এসেছেন, যেখানে অংশগ্রহণমূলক গতিশীল পদ্ধতিকে সাদরে গ্রহণ করার পরিবর্তে পরিহার করা হয়। দলের মধ্যে যে ব্যক্তি অপেক্ষকৃত লাজুক, তার সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতে তাকে উৎসাহিত করুন। একই সঙ্গে কেউ যদি দলের মধ্যে প্রভাব খাটাতে চান, তাহলে সে বিষয়টিকে নিরূপসাহিত করুন। একটি পরবর্তী আলোচনার তালিকা তৈরি করুন। অংশগ্রহণকারীরা যখন এমন কোনো আলোচ্যবিষয় উপস্থাপন করবে, যেটি চলমান আলোচনার সঙ্গে সংগতিপূর্ণ নয়, বা যেটি আলোচনা করার মতো পর্যাপ্ত সময় নেই, সে ধরনের বিষয়কে পরবর্তী আলোচনার তালিকায় বা ‘অনিষ্পন্ন কর্ম’ হিসেবে তালিকাভুক্ত করুন। প্রশিক্ষণটি অগ্রসর হওয়ার সঙ্গে সঙ্গে এ বিষয়টি আলোচনা করতে পারেন, অথবা আপনি ওইসব প্রশ্ন নিয়ে আলোচনার জন্য পরবর্তীতে সময় বরাদ্দ করতে পারেন।

- প্রতিদিনের প্রশিক্ষণের প্রারম্ভে অথবা শেষে দিনের কর্মসূচি পর্যালোচনা করুন। দিনের কর্মকাণ্ড দ্রুততার সঙ্গে পর্যালোচনার জন্য সূচি তৈরি করুন এবং সবচেয়ে শুরুত্বপূর্ণ শিখন বিষয়টিকে দৃষ্টিগোচর করুন। পর্যালোচনার জন্য দিনের শেষভাগের ১০ মিনিট অথবা পরের দিনের কার্যক্রমের শুরুতে ১০ মিনিট সময় বরাদ্দ করুন।
- একটি আলোকচিত্র নথিপত্র তৈরি করুন এবং অংশগ্রহণকারীদের কাছে ফিল্পচার্ট হস্তান্তর করুন এবং আলোচনা উপস্থাপনের জন্য বোর্ড প্রস্তুত করুন। অংশগ্রহণকারীদের অবহিত করুন যে, আপনি একটি আলোকচিত্র নথি প্রস্তুত করবেন। প্রশিক্ষণের সময়জুড়ে প্রস্তুতকৃত বোর্ডসমূহ ও অনেকগুলো ফিল্পচার্ট নথদর্পণে রাখুন। প্রতিটি অধিবেশনের বিরতির সময়ে ছবি তুলুন এবং প্রতি দিনের প্রশিক্ষণের শেষভাবে আবশ্যিকভাবে ফটোসেশন করুন।
- সর্বদা নমনীয় থাকুন এবং ইতিবাচক বিস্ময়সমূহের বিষয়ে মুক্তমনা থাকতে হবে। প্রত্যাশা, কর্মশালা পরিচালিত হবে পরিকল্পিতভাবে। তবে এক্ষেত্রেও কিছু অপ্রত্যাশিত বিষয় সৃষ্টি হতে পারে। সুতরাং এক্ষেত্রে পরিকল্পনায় পরিবর্তন আনার বিষয়ে যথেষ্ট পরিমাণ নমনীয় থাকতে হবে। নমনীয় হওয়া মানে বলটি অংশগ্রহণকারীদের কোর্টে পাঠিয়ে দেওয়া, তার মাধ্যমে যৌথ উপায়ে একটি উত্তম সমাধানের দিকে অগ্রসর হওয়া যাবে।
- প্রশিক্ষক দলের একজন সক্রিয় সদস্য হয়ে কাজ করুন। প্রশিক্ষকরা ভিন্ন ভিন্ন ব্যক্তিগত বৈশিষ্ট্যের অধিকারী হয়ে থাকেন। অংশগ্রহণকারী ভিন্নভাবে এসব বৈশিষ্ট্য হ্রদয়ঙ্গম, গ্রহণ ও প্রশংসা করে থাকেন। প্রশিক্ষকের কাজটি অত্যন্ত পরিশ্রমের ও চাহিদাপূর্ণ। এ কাজে ধাপে ধাপে বিশ্লাম ও কর্মের প্রতিফলন প্রয়োজন হয়ে থাকে। সুতরাং সর্বদা দলবদ্ধ হয়ে কাজ করুন। প্রশিক্ষণ পরিচালনার ক্ষেত্রে আপনার যদি একজন সহ-প্রশিক্ষক না থাকে, তাহলে অন্তত একজন সেশন সহকারী রাখার চেষ্টা করুন, যে পুরো প্রশিক্ষণ সময়কালে সহায় প্রদান করবে।

২.২ প্রাপ্তবয়স্করা যেভাবে শেখেন

- প্রশিক্ষণার্থী হিসেবে প্রাপ্তবয়স্কদের বিশেষ ধরনের প্রয়োজনীতা ও চাহিদা থাকে।
- প্রাপ্তবয়স্করা আগে থেকেই অনেক কিছু জানেন। প্রাপ্তবয়স্কদের পুঞ্জীভূত মৌলিক জীবনভিত্তিক অভিজ্ঞতা ও প্রজ্ঞা থাকে। এ জ্ঞান ও প্রজ্ঞার মধ্যে রয়েছে সংশ্লিষ্ট কাজভিত্তিক কর্মকাণ্ড, পরিবারের দায়িত্ব এবং পূর্ববর্তী শিক্ষা ও প্রশিক্ষণ। যদি তারা নতুন তথ্যাদি ব্যবহার করতে চান বা সেগুলোর সঙ্গে তাল মিলিয়ে চলতে চান, তাহলে তারা এরই মধ্যে যা জানেন তার সঙ্গে নতুন ধারণার সন্নিবেশ ঘটানোর সক্ষমতা থাকা প্রয়োজন।
- প্রাপ্তবয়স্কদের প্রতি সম্মান প্রদর্শন করা আবশ্যিক। অংশগ্রহণকারীরা যে অভিজ্ঞতালঞ্চ সম্পদ নিয়ে প্রশিক্ষণে অংশ নিতে এসেছেন, প্রশিক্ষককে সে বিষয়টি অবশ্যই স্বীকৃতি দিতে হবে। প্রজ্ঞা ও অভিজ্ঞতার বিচারে সকল অংশগ্রহণকারীকে সমানভাবে বিবেচনা করতে হবে এবং দলের মধ্যে স্বাধীনভাবে তাদের মত প্রকাশের বিষয়ে সুযোগ দিতে হবে।
- প্রাপ্তবয়স্করা স্বাধীনচেতা ও আত্মপরিচালিত হয়ে থাকেন। নিজেদের চালিত করার ক্ষেত্রে তাদের স্বাধীনতা থাকা প্রয়োজন। এক্ষেত্রে প্রশিক্ষকের ভূমিকা হবে সহায়তাকারীর। তিনি অংশগ্রহণকারীদের তাদের প্রজ্ঞা বাড়াতে দিকনির্দেশনা দেবেন। তারা অংশগ্রহণকারীদের নিজস্ব শিখন প্রক্রিয়ার সহায়তাকারী হিসেবে কাজ করবেন। এক্ষেত্রে প্রশিক্ষণের পথনকশা প্রণয়নে অংশগ্রহণকারীদের সক্রিয় অন্তর্ভুক্ততার বিষয়টি যুক্ত করতে হবে। দলগত নেতৃত্ব ও উপস্থাপনা তুলে ধরার দায়িত্ব অংশগ্রহণকারীদের হাতে ন্যস্ত করার বিষয়টিকে অনুমোদন করতে হবে।
- প্রাপ্তবয়স্করা লক্ষ্যের প্রতি নিবিষ্ট হয়ে থাকেন। এক্ষেত্রে প্রশিক্ষককে দেখাতে হবে যে, কী উপায়ে তিনি অংশগ্রহণকারীর লক্ষ্য পূরণে সহায়তা করতে পারেন। প্রশিক্ষণের শুরুতেই এই লক্ষ্য ও প্রশিক্ষণ কোর্সের উদ্দেশ্যাবলির শ্রেণিকরণ সম্পন্ন করতে হবে এবং প্রতিটি বক্তৃতা ও অনুশীলনের পূর্বে এ বিষয়টি সম্পর্কে ধারণা দিতে হবে।
- প্রাপ্তবয়স্করা প্রাসঙ্গিকতাভিত্তিক হয়ে থাকেন। অংশগ্রহণকারীর প্রেরণা ও প্রয়োজনের বিষয়ে প্রশিক্ষকের স্পষ্ট বোঝাপড়া থাকা প্রয়োজন। অংশগ্রহণকারী জীবন ও কর্মের সঙ্গে সংগতি রক্ষা করে প্রশিক্ষণের নকশা প্রণয়ন এবং প্রশিক্ষণের অনুশীলনীগুলো ধারাবাহিকভাবে সেই আঙিকে সাজানো প্রয়োজন। অংশগ্রহণকারীরা কর্মক্ষেত্রে যাতে প্রশিক্ষণলঞ্চ জ্ঞান প্রয়োগ করার ক্ষেত্রে আগ্রহী হন, সে বিষয়ে প্রশিক্ষণার্থীদের চিন্তার খোরাক জোগাতে হবে।

এক্ষেত্রে প্রশিক্ষণের ইতিবাচক সুফল, পূর্বশর্তসমূহ, জটিলতাসমূহ, প্রতিরোধমূলক কার্যক্রম এবং এসব বিষয় কী উপায়ে পরিচালনা করতে হবে, সে বিষয়ে ধারণা দিতে হবে।

- বয়স্ক প্রশিক্ষণ মূলত আচরণগত পরিবর্তনের সঙ্গে সম্পর্কিত। এর মাধ্যমে কোনো কাজ পূর্বের তুলনায় অধিকতর ভালোভাবে বা ভিন্নভাবে সম্পাদনের দক্ষতা অর্জিত হয়। এক্ষেত্রে প্রয়োগভিত্তিক প্রশিক্ষণ পদ্ধতির পাশাপাশি প্রশিক্ষক বা অন্য অংশগ্রহণকারীদের নিবিড় ফিডব্যাক থাকা প্রয়োজন।

২.৩ প্রশিক্ষকের ভূমিকা ও দক্ষতা

সংশ্লিষ্ট প্রশিক্ষণের বিষয়বস্তু ও এর নানা উপাদানের বিষয়ে একজন প্রশিক্ষকের সম্যক জ্ঞান থাকতে হবে। তবে প্রশিক্ষকের নিজেকে কোনোভাবেই সে বিষয়ে একজন দক্ষ ভাবা চলবে না বা কেবল লেকচার দিয়ে দায়িত্ব শেষ করলেই চলবে না। তাকে অবশ্যই একটি গ্রন্থের জন্য সুযোগ সৃষ্টিকারী ও একজন ‘যোগাযোগ অনুষ্ঠটক’ হিসেবে দায়িত্ব পালন করতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ হিসেবে প্রশিক্ষককে নিশ্চিতভাবেই সুনির্দিষ্ট বিষয়টি সহজীকরণের দক্ষতা ও যোগ্যতা থাকতে হবে। একজন উভয় সহায়তাকারী আধিপত্যবাদিতা ব্যতিরেকে একটি গ্রন্থকে একবিন্দুতে আনতে সক্ষম হন এবং বিভিন্ন সম্ভাবনার বিকাশ ও কার্যক্রমের মধ্যে ভারসাম্য আনয়ন করতে পারেন। তাদের প্রধান দুটি কাজ হলো সঠিক সময়ে সঠিক প্রশ্ন প্রস্তুত করা ও তা জিজ্ঞাসা করা এবং মনোযোগ সহকারে অন্যদের কথা শোনা। দলের মধ্যে গতিশীলতা বাড়ানোর জন্য প্রশিক্ষক নানা ধরনের কৌশল প্রয়োগ করবেন এবং সুপরিকল্পিত ও প্রথাগত উপায়ে গোষ্ঠীকর্মের (গ্রুপওয়ার্ক) পাশাপাশি প্লেনারি অধিবেশন আয়োজন করবেন। একজন ভালো প্রশিক্ষকের নিম্নলিখিত গুণাবলি থাকতে হবে:

- **পারস্পরিক মিথঙ্কিয়ার দক্ষতা:** লক্ষ্যনির্দিষ্ট কর্মসম্পাদনের জন্য একটি অনুকূল ও স্বত্ত্বাধায়ক কথোপকথনের ব্যবস্থা নিশ্চিত করুন। তখন এটি সমস্যা সমাধানে কার্যকর ও সহায়ক ভূমিকা রাখবে। একটি পদ্ধতি অংশগ্রহণকারীদের হস্তযোগ করতে অনুপ্রাণিত করতে হবে। তবে এক্ষেত্রে পদ্ধতিটির বিষয়ে বক্তৃতা দিয়ে নয়, বরং অংশগ্রহণকারীরা সেটি কী উপায়ে বাস্তবে প্রয়োগ করতে পারেন এবং কর্মে তার প্রতিফলন ঘটাতে পারেন, সে বিষয়ে ব্যাখ্যা করার মাধ্যমে এটি করবেন।
- **উপস্থাপনার দক্ষতা:** সাধারণ বোধগম্যতা সৃষ্টি ও নতুন তথ্য আত্মস্থ করার বিষয়ে প্রশিক্ষক সহায়তা করবেন। এ প্রক্রিয়ায় অংশগ্রহণকারীদের যুক্ত করতে হবে এবং শিখন-সম্পর্কিত ‘পাওয়ার পয়েন্ট’ ও সাধারণ অলংকারিক দক্ষতাসমূহ কাজে লাগাতে হবে।
- **বিষয়বস্তুর স্পষ্টীকরণ:** একজন প্রশিক্ষকের ভালো অক্ষণ ও সুন্দর হাতের লেখার দক্ষতা থাকা প্রয়োজন। একই সঙ্গে একটি আকর্ষণীয় শিখন পরিবেশ সৃষ্টির জন্য তাকে উপস্থাপনার সময় জায়গার ব্যবস্থা করা, নানা ধরনের রঙের ব্যবহার, সুযোগ সৃষ্টি এবং অন্যান্য পরিচালনা বা উপস্থাপনের বিষয়বস্তুসমূহের ব্যাপারে ধারণা থাকতে হবে।
- **অংশগ্রহণ দক্ষতা:** একজন প্রশিক্ষকের উচিত অংশগ্রহণমূলক শিক্ষার মাধ্যমে একটি গোষ্ঠীর মধ্যে সেরাটা বের করে আনা, যে প্রক্রিয়ায় দলের সকল ব্যক্তির অবদান নিহিত থাকবে। একজন ভালো প্রশিক্ষক অংশগ্রহণকারীদের মধ্যে এমন একটি মনোভাব সৃষ্টি করবেন যে, ‘কোনো ব্যক্তিই সবকিছু জানেন না, কিন্তু প্রত্যেকেই কিছু না কিছু জানেন।’ তারা ঘটনার নিজস্ব বৈশিষ্ট্য নির্ধারণ করবেন, অন্যের বুদ্ধিবৃত্তিক ও সৃজনশীল সম্ভাবনার ওপর আস্থা রাখবেন এবং কাজে সফল ও ব্যর্থ, এমন মনোভাব পরিহার করবেন। পাশাপাশি অন্যদের ধারণা, মতামত ও অনুশীলনের প্রতি শ্রদ্ধাশীল হবেন।
- **প্রশিক্ষকদের যেসব বৈশিষ্ট্যের অধিকারী হতে হবে,** তার মধ্যে রয়েছে তাকে নমনীয়ভাবে মানিয়ে নিতে ও পরিমার্জন করতে জানতে হবে এবং গ্রন্থের গতিশীলতা, প্রয়োজন, নির্ধারিত সময়, সুযোগ ও অন্যান্য পরিস্থিতি বিবেচনায় সংশ্লিষ্ট পদ্ধতিকে স্পষ্টভাবে ও ধারাবাহিকতার সঙ্গে তুলে ধরার দক্ষতা থাকতে হবে। একটি প্রশিক্ষণের নকশা প্রণয়নে এসব বিষয়ে স্পষ্ট প্রতাব বিদ্যমান।

সংক্ষেপে: আমরা প্রশিক্ষককে একজন শিক্ষক বা বিশেষজ্ঞ হিসেবে কম বিবেচনা করি। বরং তাকে শিখন প্রক্রিয়ার একজন সহায়তাকারী হিসেবে বিবেচনা করি। এ বিষয়টি প্রশিক্ষকের সঙ্গে তার জ্ঞান ও অভিজ্ঞতাগুলো (যেমন: ইনপুট ও উপস্থাপনার মাধ্যমে) অন্যদের সঙ্গে ভাগাভাগি করে নেওয়ার বিষয়ে উপর্যোগী ভূমিকা পালন করে। তবে এটি শুধু একটি মিথস্ক্রিয়ামূলক শিখন প্রক্রিয়া হিসেবে ব্যবহার করা হয় এবং একেতে প্রশিক্ষকের জ্ঞান ও অভিজ্ঞতাকে আলোকবর্তিকার ভূমিকায় দেখা হয়।

একজন ভালো প্রশিক্ষক হওয়ার জন্য কী দরকার?

একজন উত্তম মিথস্ক্রিয়াকারী প্রশিক্ষক...

- প্রশিক্ষণের জন্য একটি সুস্পষ্ট পাঠদান/শিখন কারিকুলাম প্রস্তুত করুন, যার মধ্যে অনুশীলনী ও শিখন প্রক্রিয়া উভয়ই অন্তর্ভুক্ত থাকবে এবং যে প্রক্রিয়ার মধ্যে নির্দেশনামূলক প্রশ্নাবলি, ফলোআপ প্রশ্নাবলি এবং সমাপনী মন্তব্য অন্তর্ভুক্ত থাকবে।
- শ্রেণিকক্ষে পুরো সময় জুড়ে চিন্তাশীল মানসিকতা নিয়ে আলোচনা শুনতে হবে।
- ক্লাসের প্রবাহ ও কাঠামো সক্রিয়ভাবে ব্যবস্থাপনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীদের বিভিন্ন মন্তব্যের বিষয়ে নমনীয়তাবে উত্তর দিতে হবে।
- চ্যালেঞ্জিং প্রশ্নাবলি ধারণ করতে হবে এবং / সকল ধরণের কথোপকথন (যেমনপূর্বে কোনো ধরনের ইঙ্গিত না দিয়েই প্রশিক্ষণার্থীদের সামনে সমস্যা হাজির করা) এবং উত্তম মাত্রার শ্রেণীকক্ষ আলোচনা উৎসাহিত করার কার্যক্রম ফলোআপ করতে হবে।
- একজন প্রশিক্ষণার্থীর সঙ্গে অন্যজনের চিন্তা-উদ্দীপক আলোচনা উৎসাহিত করতে হবে এবং অধিকসংখ্যক প্রশিক্ষণার্থীকে এই প্রক্রিয়ার অংশগ্রহণের বিষয়টি উৎসাহিত করতে হবে।
- শ্রেণীকক্ষ আলোচনার নির্দেশনা প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থীদের অতীত পটভূমি বিষয়ে মনোযোগ দিতে হবে।
- আলোচনামূলক অংশ ও অধিবেশনের যথোপযুক্ত সমাপ্তি/উপসংহার নিশ্চিত করতে হবে।

জটিল পরিস্থিতি মোকাবিলা

প্রতিটি ‘প্রকৃত’ প্রশিক্ষণ পরিস্থিতিই সুনির্দিষ্ট কিছু চ্যালেঞ্জের সম্মুখীন হয়ে থাকে। এসব সম্ভাব্য চ্যালেঞ্জের মধ্যে রয়েছে:

- সময়ের স্থল্পনা।
- প্রভাববিস্তারের মানসিকতাসম্পন্ন প্রশিক্ষণার্থী।
- ছোটখাটো বিষয়ে অভিযোগ করার মানসিকতাসম্পন্ন প্রশিক্ষণার্থী।
- গল্পবাজ সদস্য।
- মনোযোগ আকর্ষণের চ্যালেঞ্জ।
- অস্বাভাবিক মাত্রায় চুপচাপ সদস্য।
- অপ্রাসঙ্গিক আলোচনা।

এসব চ্যালেঞ্জ কীভাবে মোকাবিলা করতে হবে, সে বিষয়ে কিছু কৌশল রয়েছে:

সময় ব্যবস্থাপনা/সূচি

- একটি নির্দিষ্ট সময়সূচি থাকতে হবে। তবে কোনো অপ্রত্যাশিত পরিস্থিতি দেখা দিলে তা পরিবর্তনের বিষয়ে নমনীয় থাকতে হবে।
- আপনি যদি লক্ষ করেন যে প্রশিক্ষণার্থীরা এমন একটি বিষয় উত্থাপন করতে চাচ্ছেন, যা আলোচ্যসূচীর অন্তর্ভুক্ত নয়, তাহলে সে বিষয়ে কথা বলার জন্য কিছুটা সুযোগ তৈরি করে দিতে হবে। অধিবেশনের কোন পর্যায়ে এ বিষয়ে সময় দেওয়া হবে, সে বিষয়টি স্পষ্ট করতে হবে।
- অধিবেশনে কিছু ফাঁকা সময় রাখতে হবে।
- পরবর্তীতে আলোচনা করা হবে, এমন কিছু আলোচ্য বিষয়ের জন্য নির্দিষ্ট সংরক্ষণ ক্ষেত্র প্রস্তুত করতে হবে এবং সেগুলোকে স্পষ্টতার সঙ্গে উপস্থাপন করতে হবে।
- সাহসিকতার সঙ্গে অপ্রাসাধিক বিষয়াদি পরিহার করতে হবে।

গ্রহণের মধ্যে বৈচিত্র্য আনয়ন

- নির্দিষ্ট প্রশিক্ষণের জন্য সুস্পষ্ট বিধিবিধান ও নির্দেশনা প্রদান করুন।
- নির্দিষ্ট জোটবন্ধন এড়াতে বিভিন্ন দলের প্রশিক্ষণার্থীদের গ্রহণ পরিবর্তন করে দিন।
- প্রশিক্ষণার্থীদের বিভিন্ন ভূমিকায় দায়িত্ব পালন করতে দিন, যেমন: সহায়তাকারী, রেকর্ডঘরণকারী, প্রতিবেদক, পর্যবেক্ষক ও সময় নিয়ন্ত্রণকারীর ভূমিকায় দায়িত্ব দিন।
- যদি কোনো সমস্যাসংকুল আচরণের উভব হয়, তাহলে সেই আচরণকে মোকাবিলা করতে হবে, ব্যক্তিকে নয়।
- দলের ইনপুট/সংক্ষিপ্ত উপস্থাপনা তুলে ধরার জন্য সদস্যদের সুনির্দিষ্ট জ্ঞান দ্বারা সুসজ্জিত করুন।

সর্বোপরি

- ইতিবাচক মনোভাব মান্য করার চেষ্টা করুন: একজন বা দুজন গ্রহণ সদস্যের উত্থাপিত কোনো চ্যালেঞ্জ সমাধান করার জন্য অধিক মাত্রায় শক্তি খরচ করার মতো সাধারণ ফাঁদে পড়া যাবে না।

| প্রশ্নের ধরন | প্রয়োগ | উদাহরণ |
|------------------------|---|---|
| চক্রাকার প্রশ্নাবলি | প্রেক্ষিত পরিবর্তন করুন অন্যান্য ধারণার বিষয়ে জানান | <ul style="list-style-type: none"> আমি যদি আপনার সহকর্মীকে জিজ্ঞাসা করি যে, কোন বিষয়টি পরিস্থিতিকে সবচেয়ে জটিল করেছে, তাহলে তিনি কী উত্তর দিতেন? এসব বিষয় দেখভাল করার ভিন্নতর উপায়সমূহ কী কী? আপনি যদি সুশীল সমাজের একজন প্রতিনিধি হিসেবে আপনার সভায় অংশ নিতেন, তাহলে এখন থেকে ভিন্নতর কী ঘটনা ঘটত? |
| আচরণ বিষয়ে প্রশ্ন | মূল্যায়ন প্রক্রিয়ার বাইরে যেসব বিষয় সংঘটিত হয়, তা ধারণ করার চেষ্টা করুন। অধিকতর বিস্তৃত ধারণা ও পুনঃকাঠামো উৎসাহিত করুন। নির্দিষ্ট পরিস্থিতিতে আপনার নিজের অবদান স্পষ্ট করুন। | <ul style="list-style-type: none"> আজাদ সাহেবের কোন কাজে আপনি বিরক্ত হয়েছেন? একটি বিষয়ে যখন কোনো ব্যক্তি দায়িত্ব নেয় না, তখন আসলে কী ঘটে? দলের সঙ্গে কাজ করার সময় আপনার প্রতিক্রিয়া কেমন হয়? |
| মূল্যায়নের প্রশ্নাবলি | পেছন ফিরে দেখা ও পূর্বের অভিজ্ঞতা ব্যবহার করা কোনো নির্দিষ্ট অভিজ্ঞতা থেকে অনুশীলনী গ্রহণ | <ul style="list-style-type: none"> এখান থেকে আপনি কী কী শিখলেন? এখান থেকে আপনি যা শিখেছেন তা কীভাবে প্রয়োগ করবেন? আপনি কীসের দ্বারা উৎসাহিত হয়েছিলেন? আপনি যদি নতুন করে শুরু করতেন তাহলে ভিন্নভাবে কোন কাজটি করতেন? |

২.৪ সক্রিয় শ্রবণ – পাঁচটি মৌলিক উপাদান

একজন প্রশিক্ষকের যেসব গুণাবলি থাকতে হয়, তার মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে শ্রবণ দক্ষতা।

সক্রিয় শ্রবণ দক্ষতার জন্য পাঁচটি মৌলিক উপাদান রয়েছে। এসব উপাদান প্রশিক্ষকদের সবার কথা শোনার দক্ষতার বিষয়টি নিশ্চিত করে এবং অন্যরাও জানতে পারেন যে, প্রশিক্ষক তাদের কথা শুনছেন।

১. মনোযোগ দিন

বক্তার কথার প্রতি নিবিষ্ট মনোযোগ দিন এবং তার কথার প্রতি সাড়া প্রদান করুন। এ বিষয়টি নিশ্চিত করুন যে, অনুচ্ছারিত যোগাযোগও অনেক শক্তিশালী শব্দ তৈরি করতে পারে।

- বক্তার দিকে সরাসরি দৃষ্টিপাত করুন।
- পরিবেশগত বিষয়াদি দ্বারা প্রভাবিত হওয়া থেকে বিরত থাকুন।
- বক্তার শরীরী ভাষার প্রতি মনোযোগ দিন।
- যখন কোনো গ্রন্থ সেটিংয়ে কথা শুনবেন, তখন পার্শ্ব কথোপকথন থেকে বিরত থাকুন।

২. নিজেকে এমনভাবে উপস্থাপন করুন যে, আপনি শুনছেন

- আপনার মনোযোগ বোঝানোর জন্য নিজের শরীরী ভাষা ও অঙ্গভঙ্গি কাজে লাগান।
- মাঝে মাঝে মাথা নাড়ুন।
- স্মিত হাসি দিন এবং অন্যান্য মৌখিক অভিযোগ প্রকাশ করুন।
- আপনার প্রয়োজনীয় বিষয়াদি নোট করুন এবং এটি নিশ্চিত করুন যে আপনার নোট অন্যদের জন্য উন্মুক্ত ও আমন্ত্রণমূলক
- সশব্দ মন্তব্য যেমন হ্যাঁ, ওহ, হ্রম ইত্যাদি শব্দের মাধ্যমে বক্তাকে কথা বলার বিষয়ে উৎসাহিত করুন।

৩. ফিডব্যাক প্রদান করুন

আমাদের আত্মনিয়ন্ত্রণমূলক পদক্ষেপ, অনুমান, বিবেচনা ও বিশ্বাস অনেক ক্ষেত্রে আমরা যা শুনি সেটিকে বিকৃত করে দিতে পারে। আপনার দায়িত্ব হচ্ছে বক্তা কী বলছেন তা ভালোমতো বোঝার চেষ্টা করা। এটি করার জন্য কী বলা হচ্ছে, সেটির প্রতি আপনার মনোযোগ নিবন্ধ করতে হবে এবং ক্ষেত্রবিশেষে প্রশ্ন করা লাগতে পারে।

- কী বলা হচ্ছে, সে বিষয়টি অনুধাবনের জন্য নিজের মধ্যে আত্মজিজ্ঞাসা তৈরি করুন। ‘আমি কী শুনছি’ এবং ‘আপনি যা শুনছেন’ সেই শব্দ মনে করার চেষ্টা করা পূর্বের শৃঙ্খল বিষয়কে আত্মস্থ করার উন্নত উপায়।
- কোনো নির্দিষ্ট পয়েন্ট স্পষ্টীকরণের জন্য প্রশ্ন করুন। ‘আপনি যখন কোনো কিছু বলেন, তখন তা দ্বারা কী বোঝাতে চান’। ‘আপনি যেটা বোঝাতে চান, সেটা কি আপনি বলতে পারছেন?’
- বক্তার মন্তব্যগুলো নির্দিষ্ট সময়সত্ত্বে সারসংক্ষেপ করুন।

৪. মূল্যায়নের সঙ্গে দ্বিমত পোষণ

আলোচনার মধ্যখানে বাধা দিলে সময়ের অপচয় হয়। এটি বক্তাকে হতাশ করে এবং বক্তার বক্তব্য পূর্ণসমাত্রায় বোঝার ক্ষেত্রে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

- আগে বক্তাকে তার বক্তব্য শেষ করার সুযোগ দিন।
- পাল্টা যুক্তি দিয়ে বক্ত্বার মাঝখানে বাধা সৃষ্টি করতে যাবেন না।

৫. যথাযথভাবে সাড়া প্রদান করুন

সক্রিয় শ্রবণ সম্মান প্রদর্শন ও সংশ্লিষ্ট বিষয়ে বোধগম্যতার সমষ্টিয়ে একটি মডেল হিসেবে বিবেচিত। এর মাধ্যমে আপনি আলোচনার প্রেক্ষিত সম্পর্কে তথ্য জানতে পারেন। বক্তার দৃষ্টি আকর্ষণ করে বা তাকে মাঝখানে থামিয়ে আপনি শ্রেণিকক্ষে নতুন কোনোকিছু যোগ করতে পারবেন না।

- সাড়া প্রদানের ক্ষেত্রে স্বতঃস্ফূর্ত, মুক্তমনা হোন ও সততার পরিচয় দিন।
- আলোচনায় সম্মানসূচক উপায়ে আপনার মতামত যুক্ত করুন।
- একজন ব্যক্তি যতটুকু সম্মান পাওয়ার উপর্যুক্ত, তাকে ততটুকু সম্মান দিন।

সক্রিয় শ্রবণের ছয় কৌশল

সক্রিয় শ্রবণ কার্যক্রমে যেসব বৈশিষ্ট্য থাকে, তা হলো মনোযোগ প্রদান, মূল্যায়ন থেকে বিরত থাকা, বক্তার প্রতি সাড়াপ্রদান, স্পষ্টীকরণ, সারসংক্ষেপ প্রস্তুতকরণ এবং অন্যদের সঙ্গে মতামত ভাগাভাগিকরণ। প্রতিটি শ্রবণ কৌশলের জন্য নানা কৌশল বা আচরণ প্রয়োজন হয়।

| কৌশল | উদাহরণ |
|--|---|
| ১. ভাষান্তর আপনার কথোপকথন অংশীদারের সর্বশেষ বিষয় বা প্রধান বার্তাটি আপনার নিজের ভাষায় উন্মুক্ত করুন। | ‘সুতরাং আপনি জলবায়ু বিষয়ে পর্যাপ্ত পরিমাণ উপাত্ত পাননি’ |
| ২. প্রতিবিম্ব আপনার কথোপকথন অংশীদারের বর্ণনা থেকে আপনি কী ধরনের অনুভূতি বা মনোভাব ধারণ করলেন, তা প্রকাশ করুন। | ‘পর্যাপ্ত সমাধান খুঁজে না পেয়ে আপনি নিচয় বেশ হতাশ হয়েছিলেন’ |
| ৩. সারসংক্ষেপকরণ একটি দীর্ঘ ব্যাখ্যা একবাক্যে সারসংক্ষেপ করুন। | ‘তার মানে আপনি সামগ্রিক রাজনৈতিক পর্যায় থেকে বেশকিছু সংখ্যক প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছিলেন।’ |
| ৪. নির্দিষ্ট বিষয়ে দৃষ্টিপাত (ফোকাস) আপনার কথোপকথন অংশগ্রহণকারী যা বলেছেন, সেখান থেকে বিশেষ গুরুত্ববহু একটি বিষয় বাচাই করুন এবং সে বিষয়টি আরও গভীরে খতিয়ে দেখতে তাকে আহ্বান জানান। | ‘বিস্তারিতভাবে এটি আসলে কি ছিল, যা এ-সংক্রান্ত সিদ্ধান্তকে অত্যন্ত জটিল বানিয়ে দিয়েছিল?’ |
| ৫. প্রতিফলিতকরণ আপনি যা শুনেছেন তার সারবন্ধন বিষয়ে একটি অনুমান প্রকাশ করুন। | ‘মেরারের সমর্থন পাওয়ায় অবশ্যে কাজটি গতি পেয়েছে’ |
| ৬. অনুসন্ধান কর ইংরেজী বর্ণমালার ডল্লিউ প্রশ্নাবলির (কেন, কোথায়, কীভাবে, কে, কী, কখন ইত্যাদি) মাধ্যমে আপনার নিজস্ব কৌতুহল অনুসরণ করে উন্মুক্তভাবে প্রশ্ন জিজ্ঞাসা করুন: | ‘আপনার শহরে এই ইস্যুতে এত প্রতিবন্ধকতা কেন ছিল?’ |

৩

প্রশিক্ষণ কর্মসূচি

৩.১ একটি প্রশিক্ষণ কর্মসূচির নকশা প্রণয়ন

একটি প্রশিক্ষণ কর্মসূচির নকশা প্রণয়নের ক্ষেত্রে কী কী বিষয় বিবেচনায় নেওয়া প্রয়োজন, সে বিষয়ে এই অধিবেশনে একটি পর্যালোচনা তুলে ধরা হয়েছে। একটি প্রশিক্ষণ জটিল হোক বা না হোক, সেটির পুঞ্জানুপুঞ্জ ও স্বপ্রগোদিত প্রস্তুতি এবং নকশা প্রণয়ন অপরিহার্য। প্রশিক্ষণের নকশাকে একটি আন্তঃসংযুক্ত (ক্রসকাটিং) প্রচেষ্টা হিসেবে বিবেচনা করতে হবে। অর্থাৎ, প্রশিক্ষণ কর্মসূচি বা কর্মশালা যে বিষয়বস্তুতে মনোযোগ দিতে চায়, তার জন্য সেই নির্দিষ্ট পদক্ষেপ ও প্রাসঙ্গিক কাজগুলো সম্পাদন করতে হবে।

প্রশিক্ষণের উদ্দেশ্যাবলি এবং প্রধান প্রতিপাদ্যসমূহ ও আলোচ্য বিষয়গুলো স্পষ্ট করণ

একটি প্রতিষ্ঠান একটি প্রশিক্ষণ কর্মসূচির উদ্দেশ্য গ্রহণ করে এবং তারা প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ বা বহিরাগত প্রশিক্ষক বা প্রশিক্ষকদের একটি দলকে প্রশিক্ষণ কর্মসূচির প্রণয়নের দায়িত্ব দিতে পারে। প্রশিক্ষণ নকশা প্রণয়নের ক্ষেত্রে প্রশিক্ষককে প্রথমেই যে প্রশ্নাটি করতে হবে তা হচ্ছে, এই প্রশিক্ষণ পরিচালনার জন্য প্রতিষ্ঠানের (সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের) উদ্দেশ্য কী, প্রশিক্ষণ থেকে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান কী অর্জন করতে চায়, প্রশিক্ষণের প্রশিক্ষক ও প্রশিক্ষণ থেকে প্রতিষ্ঠানের প্রত্যাশা কী? প্রতিষ্ঠানের এসব উদ্দেশ্যাবলি সম্পর্কে জানা গেলে তাদের সঙ্গে হাতে হাত মিলিয়ে কাজ করার ক্ষেত্রে সঠিক অনুমান প্রস্তুত করা সম্ভব হয়।

প্রশিক্ষণের পদ্ধতি বিষয়ে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের মতের সঙ্গে প্রশিক্ষকের ঐকমত্যের প্রয়োজন রয়েছে।

একেব্রতে নিম্নোক্ত প্রশ্নাবলি সর্বাধিক মাত্রায় সহায়ক হতে পারে:

- একটি একক প্রশিক্ষণ কর্মশালা কি প্রতিষ্ঠানের উদ্দেশ্য পূরণের জন্য যথেষ্ট?
- প্রশিক্ষণে কি একটি মডেলভিত্তিক পদ্ধতিকে অগ্রাধিকার দেওয়া হবে? এ পদ্ধতির অর্থ হলো প্রশিক্ষণ প্রক্রিয়ায় একটি ধারাবাহিক কর্মশালার আয়োজন থাকে এবং একটি দল এবং/বা ব্যক্তি প্রশিক্ষণে অংশ নেন।
- গৃহীত প্রশিক্ষণ প্রক্রিয়ার জন্য কী ধরনের পদ্ধতি গ্রহণ করা হবে? কোনো পর্যায়ে প্রশিক্ষণ কর্মশালাটি পরিচালিত হবে?

এসব স্পষ্টীকরণ শেষে একজন প্রশিক্ষকের একমত হওয়া উচিত যে প্রশিক্ষণটি তার সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের উদ্দেশ্যাবলি অর্জনের ক্ষেত্রে সঠিক পথে অগ্রসর হচ্ছে।

অংশগ্রহণকারী ও তাদের প্রয়োজন বিষয়ে জানতে হবে

সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান প্রতিষ্ঠানের সঙ্গে প্রশিক্ষকের সম্পাদিত চুক্তিতে আগে থেকেই প্রশিক্ষণ প্রক্রিয়ার অংশগ্রহণকারীদের বিষয়ে ধারণা দিতে হবে। তবে প্রশিক্ষণ কর্মসূচি সম্মুখে অঙ্গসর হওয়ার সঙ্গে সঙ্গে কার অংশগ্রহণ করা প্রয়োজন, এ প্রশ্ন আসা স্বাভাবিক। এক্ষেত্রে অধিক মাত্রায় সুগঠিত উভয়ের অনুসন্ধান করতে হবে। অংশগ্রহণকারীর একটি যথোপযুক্ত বাছাইকরণ প্রক্রিয়া সম্পন্ন করার ক্ষেত্রে মানদণ্ড নির্ধারণ করা আবশ্যিক।

সংজ্ঞায়িত মানদণ্ডে সাংগঠনিক প্রেক্ষাপটটি বিবেচনায় নেওয়া প্রয়োজন: অংশগ্রহণকারীরা কি তাদের নতুন অর্জিত সক্ষমতা ও দক্ষতাসমূহ প্রত্যাশিত মাত্রায় কাজে লাগাতে পারবে এবং তা থেকে কি প্রত্যাশিত ফলাফল অর্জিত হবে?

- প্রশিক্ষণ কর্মশালায় কতজন অংশগ্রহণকারী অংশ নেবেন? অংশগ্রহণকারীদের সর্বোচ্চ বা সর্বনিম্ন সংখ্যা কত হতে পারে?
- অভিজ্ঞতা, পেশাগত পটভূমি, লিঙ্গ, বয়স ও প্রাতিষ্ঠানিক সম্পৃক্ততার বিচারে একটি দলের প্রত্যাশিত গঠন কাঠামো কেমন হতে পারে?
- একটি অংশগ্রহণমূলক প্রশিক্ষণ পদ্ধতির প্রতি উন্মুক্ততার ক্ষেত্রে অংশগ্রহণকারীদের বিষয়ে আপনার অনুমান কী রকম?

শিখনের উদ্দেশ্যাবলি সংজ্ঞায়িত করুন

শিখনের উদ্দেশ্যগুলো সংজ্ঞায়নের জন্য শিখন প্রক্রিয়াটি সম্পন্ন করার ক্ষেত্রে নিম্নলিখিত প্রশ্নাবলির উপর প্রদান করা অত্যন্ত সহায়ক ভূমিকা রাখতে পারে: ভিন্নভাবে/অধিকতর উন্মরণে কর্মসম্পাদনের বিষয়ে অংশগ্রহণকারীদের কোন বিষয়টি সহায়তা করতে পারে?

শিখন উদ্দেশ্যাবলির গঠনকাঠামো

একটি প্রশিক্ষণ কর্মশালা প্রস্তুত করার ক্ষেত্রে মৌলিক পদক্ষেপ হচ্ছে শিখন উদ্দেশ্যগুলো গঠনকাঠামো প্রস্তুত করা। সেক্ষেত্রে চিন্তা করা হয় নতুনভাবে অর্জিত সক্ষমতা ও দক্ষতার পরিপ্রেক্ষিতে একটি প্রশিক্ষণ কর্মশালা থেকে অংশগ্রহণকারীরা কী নিয়ে বাঢ়ি ফিরবেন। শেখার উদ্দেশ্যগুলো কর্মশালার প্রক্রিয়ার বিভিন্ন পর্যায় সম্পর্কে ইঙ্গিত প্রদান করে থাকে, কারণ কিছু শিখন উদ্দেশ্য শিক্ষণ প্রক্রিয়া চলাকালে অর্জন করা যেতে পারে। আর কিছু অর্জন সম্ভব হয় প্রশিক্ষণ কর্মশালার শেষ নাগাদ।

প্রশিক্ষণের বাজেট ও রসদসমূহের বিষয়ে স্পষ্টতা নিশ্চিত করুন

এটি প্রশিক্ষণের নকশা প্রণয়ন প্রক্রিয়ার একটি নির্ধারক হিসেবে কাজ করে, কারণ এর মধ্যে যেসব বিষয় নিহিত থাকে তার মধ্যে রয়েছে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের সঙ্গে বোঝাপড়া, বাজেটের প্রেক্ষিতে লভ্যতা এবং প্রশিক্ষণ কর্মসূচির উদ্দেশ্যাবলি পূরণের জন্য কী কী প্রয়োজন সেসব বিষয়।

বেশিরভাগ ক্ষেত্রে এটি একটি সুষ্ঠু ভারসাম্য রক্ষাকারী কাজ। সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান প্রতি প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা বাড়ানোর জন্য চাপ দিতে পারে। তবে প্রশিক্ষক হিসেবে আপনাকে উদাহরণ দিয়ে ব্যাখ্যা করতে হবে যে, একটি প্রশিক্ষণ কর্মশালায় যদি ১৫ জনের স্তুলে ২৫ জন অংশগ্রহণকারী অংশ নেন, তাহলে প্রশিক্ষণের নির্দিষ্ট উদ্দেশ্যাবলি অর্জন করা সম্ভবপর হবে না।

আরেকটি গুরুত্বপূর্ণ পরিমাপক হচ্ছে প্রশিক্ষণের ‘ব্যাষ্টিকাল’। বাজেটের পরিমাণ কমিয়ে রাখার লক্ষ্যে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের একটি সাধারণ প্রতিক্রিয়া থাকে যে, তারা প্রশিক্ষণের দিন সংখ্যা কমিয়ে আনতে চান এবং প্রশিক্ষণ অধিবেশনে অংশগ্রহণকারীর সংখ্যা বাড়াতে চান। এক্ষেত্রে প্রশিক্ষককে দৃঢ়তার সঙ্গে যে বিষয়টি মোকবিলা করতে হবে তা হচ্ছে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের এমন সিদ্ধান্ত গ্রহণ করা হলে প্রশিক্ষণের উদ্দেশ্যাবলি অর্জিত হবে না। এমন অবস্থায় উত্তৃত পরিস্থিতির দায়ভার নিজের কাঁধে না নেওয়ার বিষয়ে অস্বীকৃতি জানানো গুরুত্বপূর্ণ।

আলোচনার টেবিলে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের সঙ্গে বোঝাপড়ার জন্য পদ্ধতিগত যুক্তির্ক উপস্থাপনকালে দুটি পরিমাপকের বিষয়ে তাদেরকে রাজি করানোর বিষয়ে প্রশিক্ষককে প্রস্তুত থাকতে হবে – প্রশিক্ষণের ব্যাস্তিকাল ও শ্রেণিকক্ষে প্রশিক্ষকের সংখ্যা। এক্ষেত্রে একটি বিষয় খুব কমই সামনে আসে, তা হচ্ছে প্রশিক্ষণের স্থান। কিন্তু এটি কৌশলগতভাবে একটি প্রশিক্ষণের জন্য খুবই গুরুত্বপূর্ণ। একটি অনুকূল প্রশিক্ষণকেন্দ্রের জন্য দেনদরবার করা প্রশিক্ষকদের জন্য খুবই গুরুত্বপূর্ণ। একটি উত্তম ভেন্যুতে যেসব বিষয় সুবিধাদি থাকা প্রয়োজন, তা হচ্ছে কর্মসম্পাদন কক্ষে পর্যাপ্ত স্থান ও যথেষ্ট পরিমাণ আলোর ব্যবস্থা থাকা। এছাড়া প্রাত্যহিক ব্যস্ততার স্থান থেকে একটু দূরে স্থান হলে ভালো হয়, তবে তা যেন একেবারে প্রত্যন্ত অঞ্চলে না হয়, সে বিষয়ে খেয়াল রাখতে হবে।

প্রশিক্ষকের নির্বাচন করা স্থান যদি সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের কাছে অপরিচিত হয়, তাহলে প্রশিক্ষকের উচিত একটি অংশগ্রহণমূলক কর্মশালা পরিচালনার জন্য অনুকূল স্থান খুঁজে বের করা:

- আসন বিন্যাসের ক্ষেত্রে নমনীয়তার সুযোগ আছে কি?
- সেখানে কি বিভিন্ন রকমের প্রদর্শণী করার জন্য যথেষ্ট পরিমাণ জায়গা আছে এবং ভিন্নভাবে কর্মশালা আয়োজনের সুযোগ আছে?
- শ্রেণিকক্ষের দেওয়ালে কি প্রজেক্টরের মাধ্যমে ফলাফল উপস্থাপন করার ব্যবস্থা আছে? কক্ষটি কতটা বড় এবং এটির আকৃতি কেমন? কক্ষের মধ্যে কি প্রতিবন্ধকতা সৃষ্টিকারী পিলার আছে?

কর্মশালার কাঠামো/নকশা প্রস্তুত করন

শিখন উদ্দেশ্যগুলোর ওপর ভিত্তি করে একটি কর্মশালা প্রবাহের খসড়া তৈরি করা সম্ভব। এ পর্যায়ে একটি মানস মানচিত্রের ব্যবহার খুবই উপকারী হিসেবে প্রমাণিত হয়েছে। কর্মশালার প্রবাহটিতে প্রশিক্ষণ কর্মশালার উদ্বেধন থেকে শুরু করে এর বিভিন্ন ধাপ, যেমন পরিচিতিপর্ব, মূল্যায়ন এবং কর্মশালার সমাপ্তি ঘটানো ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত থাকে। পুরো শিক্ষা প্রক্রিয়ায় একটি চিন্তার্বক ও কার্যকর নাটকীয়তাপূর্ণ পরিবেশ সৃষ্টির বিষয়টি প্রশিক্ষকদের সক্ষমতা থেকে উদ্ভৃত হয়। কীভাবে কর্মশালার প্রক্রিয়াটি উন্নোচন করা উচিত, তা একটি হাতে অঙ্কিত মানচিত্রের মতো। প্রকৃতপক্ষে এটি কী উপায়ে প্রকাশ পাবে, তা কোনোভাবেই অনুমান করা যায় না। কারণ এটি নির্ভর করে কর্মশালার প্রধান অনুষ্ঠান তথা অংশগ্রহণকারীরা কর্মশালায় কতটা সক্রিয় থাকবেন বা থাকবেন না তার ওপর।

এটি হচ্ছে সেই কর্মশালার কার্যপ্রবাহের খসড়া, যা একটি প্রশিক্ষণ কর্মশালার সম্পর্কে ধারণা দিবে। এটি প্রশিক্ষকদের প্রশিক্ষণ কর্মশালার প্রথম দিনেও সহায়তা করবে। কারণ এটি একটি বিস্তারিত কর্মসূচির তুলনায় এই পদ্ধতিতে মূল কাজের ধাপগুলো অনেক বিশ্বাসযোগ্য উপায়ে ব্যাখ্যা করে। এ পর্যায়ে অংশগ্রহণকারীরা কোনো বিষয় তৎক্ষণাত্ হস্তযোগ করার অবস্থানে থাকেন না।

প্রশিক্ষণ কর্মশালার পরিকল্পনা

একটি প্রশিক্ষণ কর্মশালার পরিকল্পনা ও নকশায়নের ক্ষেত্রে বেশকিছু বিষয়ের ওপর দৃষ্টিপাত করতে হবে। এসব বিষয়ের মধ্যে রয়েছে:

ক. বক্তৃতা/আলোচনা/দলগত অনুশীলনের উপাত্ত

খ. প্রতিটি বক্তৃতা/আলোচনা/দলগত অনুশীলনের জন্য সময় বরাদ্দকরণ

গ. প্রতিটি বক্তৃতা/আলোচনা/দলগত অনুশীলনের জন্য একজন দক্ষ প্রশিক্ষক নিযুক্তকরণ

ঘ. প্রতিটি অধিবেশন পরিচালনার জন্য সহায়ক জনবল নিযুক্তকরণ

ঙ. প্রতিটি বক্তৃতা/আলোচনা/দলগত অনুশীলন তাদের অনুশীলনী অনুযায়ী সুবিন্যস্তকরণ

চ. একটি ক্রমধারা অনুযায়ী তাদের আন্তঃনির্ভরশীলতার ভিত্তিতে বক্তৃতা/আলোচনা/দলগত অনুশীলন অধিবেশনকে বিভিন্ন রূপে বিস্তৃতকরণ

ওপরের বিষয়সমূহ বিবেচনায় রেখে ‘টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণের উপকরণ ও পদ্ধতিসমূহ: কেসিসিতে পরীক্ষামূলক প্রশিক্ষণ’ শীর্ষক কর্মশালার নকশা প্রণয়ন করা হয়েছিল। এক্ষেত্রে নিম্নোক্ত ছয়টি ইলেক্ট্রনিক অন্তর্ভুক্ত করা হয়। প্রতিটি ইলেক্ট্রনিক বিস্তারিত নিম্নে ব্যাখ্যা করা হলো:

১. ইলেক্ট্রনিক ০: স্বাগত জানানো ও পরিচিতি

প্রশিক্ষণ কর্মশালার মধ্যে এটি হচ্ছে স্বাগত জানানো ও পরিচিতি পর্বের অধিবেশন। এই ইলেক্ট্রনিক লক্ষ্য হচ্ছে প্রশিক্ষণ সম্পর্কে ধারণা প্রদান, অংশগ্রহণকারীদের পরিচিতি, প্রশিক্ষণ কর্মশালার লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ ব্যাখ্যাকরণ এবং কর্মসূচি পরিচালনার উপায়সমূহ তুলে ধরা। এই ইলেক্ট্রনিক জন্য সর্বমোট সময় বরাদ্দ হচ্ছে এক ঘণ্টা। অধিকন্তব্য, অংশগ্রহণকারীদের টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ বিষয়ক জ্ঞানের ভিত্তি সম্পর্কে উপলব্ধি সম্পর্কিত একটি থ্রাক-প্রশিক্ষণ জ্ঞান স্তরের মূল্যায়ন ফর্ম পূরণ করার জন্য অংশগ্রহণকারীদের দেওয়া হয়েছিল।

২. ইলেক্ট্রনিক ১: টেকসই উন্নয়ন অভিষ্ঠ ও জলবায়ু - আন্তর্জাতিক, জাতীয় ও আঞ্চলিক প্রেক্ষিত

এই ইলেক্ট্রনিক উদ্দেশ্য ছিল টেকসই উন্নয়ন অভিষ্ঠসমূহ ও জলবায়ু এজেন্ডার মৌলিক ফলাফলসমূহ উপলব্ধি করা; টেকসই উন্নয়ন অভিষ্ঠ অর্জনে সহায়তার ক্ষেত্রে স্থানীয় সরকারের কার্যকর্মের ভূমিকা ও সীমাবদ্ধতা; এবং বাংলাদেশের নগরসমূহ / স্থানীয় সরকারসমূহের টেকসই উন্নয়ন অভিষ্ঠ বাস্তবায়নে যা করবীয়। এই ইলেক্ট্রনিক জন্য মোট বরাদ্দকৃত সময় ছিল ৩০০ মিনিট। ইলেক্ট্রনিক মোট আট ধরনের কাজ অন্তর্ভুক্ত ছিল। ইলেক্ট্রনিক মোট দুটি বিরতি ছিল। এর একটি ১৫ মিনিটের, অন্যটি ৭৫ মিনিটের। প্রশিক্ষণ অনুশীলনীর মধ্যে অন্তর্ভুক্ত ছিল বক্তৃতা, দলবদ্ধ অনুশীলন এবং সমাপনী পর্বের আলোচনা ও অনুষ্ঠান সমাপ্তকরণ।

৩. ইলেক্ট্রনিক ২: অংশীজনদের বিশ্লেষণ ও অন্তর্ভুক্তির জন্য সহায়ক উপকরণসমূহ

ইলেক্ট্রনিক ২-এ যে লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, তা হচ্ছে ‘প্রাতিষ্ঠানিক, প্রশাসনিক ও অন্তর্ভুক্তিমূলক কাঠামোর ওপর গুরুত্ব প্রদান, যে বিষয়টি বৈশ্বিক অভিষ্ঠ অর্জনে স্থানীয় উদ্যোগসমূহকে সহায়তা দান করবে।’ এই ইলেক্ট্রনিক জন্য সময় বরাদ্দ ছিল ১৫০ মিনিট। ইলেক্ট্রনিক মোট দুটি কার্য সম্পাদিত হয়েছিল এবং এটিতে ১৫ মিনিটের একটি বিরতি ছিল। ইলেক্ট্রনিক কার্যক্রমের মধ্যে ছিল বক্তৃতা ও দলগত অনুশীলন। এদিনের শুরুতের পূর্বের দিনের আলোচনার ওপর একটি পর্যালোচনাভিত্তিক অধিবেশন ছিল।

৪. ইলেক্ট্রনিক ৩: জলবায়ু ও অভিঘাত সহনশীলতার বিষয়ে নগরীর চ্যালেঞ্জ ও সুযোগসমূহের মূল্যায়ন

এই ইলেক্ট্রনিক লক্ষ্যমাত্রা ছিল ‘অংশগ্রহণকারীদের শহরসমূহ যেসব বিষয়ের সম্মুখীন হয়ে থাকে সেগুলো চিহ্নিত করার ক্ষেত্রে সহযোগিতাপূর্ণ দৃষ্টিভঙ্গি নিয়ে কাজ করার সুযোগ দেওয়া এবং জাতীয় ও বৈশ্বিক পর্যায়ে জলবায়ু সমস্যা এবং এর ঘাতসহনশীলতার এজেন্ডাসমূহের বিষয়ে কী ধরনের কার্যক্রম গ্রহণ করা যায়, সেগুলো এ প্রক্রিয়ার সঙ্গে সন্তুষ্টিপূর্ণভাবে সম্পূর্ণ করা।’ এই ইলেক্ট্রনিক জন্য মোট সময় বরাদ্দ ছিল ২৭০ মিনিট। এর মধ্যে অন্তর্ভুক্ত ছিল দলগত অনুশীলন এবং সমাপনী আলোচনা। ইলেক্ট্রনিক মোট ৭৫ মিনিটের একটি বিরতি ছিল।

৫. ইলেক্ট্রনিক ৪: প্রকল্পের জন্য যুক্তিসন্দৰ্ভ লজিক্যাল ফ্রেমওয়ার্কের বিকাশ সাধন

যে লক্ষ্যমাত্রা নিরিখে এই ইলেক্ট্রনিক সাজানো হয়েছিল তা হচ্ছে, ‘একটি লজিক্যাল ফ্রেমওয়ার্কে কী উপায়ে বৈশ্বিক এজেন্ডাসমূহ প্রতিফলিত হয়, তা অনুধাবন করা।’ এই ইলেক্ট্রনিক জন্য মোট সময় বরাদ্দ ছিল ৩০০ মিনিট। এ সময়টি আবার চারটি কাজের জন্য ভাগ করা হয়েছিল। এই ইলেক্ট্রনিক মোট দুটি বিরতি ছিল। ইলেক্ট্রনিক মোট যেসব কাজ অন্তর্ভুক্ত ছিল তার মধ্যে রয়েছে পূর্বের দিনের কার্যক্রম পর্যালোচনা এবং দলগত অনুশীলন।

ইলেক্ট্রনিক ৫-এর লক্ষ্য ছিল ‘বাংলাদেশে টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণের জন্য ভবিষ্যৎ করণীয়; উপান্তের চ্যালেঞ্জ এবং সম্ভাব্য উভাবনী ধারণাসমূহের বিষয়ে আলোচনা ও শিখন, স্থানীয় পর্যায়ে পরিবীক্ষণ ও অবহিতকরণ কার্যক্রমে সহায়তার জন্য প্রকল্প ও কৌশলগত পর্যায়ে সুগঠিত সূচকসমূহ অনুসন্ধান করার বিষয়ে চেষ্টা করা।’ এক্ষেত্রে বরাদ্দকৃত মোট ১৮০

মিনিট সময়ের মধ্যে চারটি কার্যক্রম পরিচালিত হয়েছিল। এর মধ্যে ছিল অংশগ্রহণকারীদের জন্য উদ্দীপক প্রদান, দলগত অনুশীলন এবং একটি ১৫ মিনিটের বিরতি।

পরিশেষে অংশগ্রহণকারীরা প্রশিক্ষণ-পরবর্তী একটি মূল্যায়ন ফর্ম পূরণ করেছিলেন। এটি পূরণের মূল উদ্দেশ্য ছিল টেকসই উন্নয়ন অভিষ্ঠর স্থানীয়করণ বিষয়ে অংশগ্রহণকারীদের জ্ঞানের ক্ষেত্রে কী ধরনের ধারণাগত পরিবর্তন সূচিত হয়েছে তা মূল্যায়ন করা। এর বাইরে প্রশিক্ষণ অধিবেশনের নানা দিক ও প্রশিক্ষকদের পারফরম্যান্স মূল্যায়নের জন্য অংশগ্রহণকারীদের আরেকটি ফর্ম পূরণ করতে হয়েছিল।

নথি প্রস্তুতকরণ ও অবহিতকরণ

প্রশিক্ষণ কর্মশালার ফলাফল ও প্রক্রিয়া কী উপায়ে নথিভুক্ত করা হবে সে বিষয়ে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠানের সঙ্গে পরামর্শ সাপেক্ষে কার্যক্রম শুরুর আগেই প্রশিক্ষককে সিদ্ধান্ত নিতে হবে। নথিভুক্তকরণের বিষয়টি নির্ভর করে এটি কোন কোন ক্ষেত্রে শেয়ার করা হবে, সেই সুযোগের মাত্রার ওপর। উদাহরণস্বরূপ, এটি কি কেবল অংশগ্রহণকারীদের জন্য নথিভুক্ত করা হবে, নাকি তা পর্যায়ক্রমে অধিকতর বিস্তারিতভাবে (প্রতিবেদন, হ্যান্ডবুক আকারে) বৃহৎসংখ্যক মানুষের কাছে সহজলভ্য করা হবে, তার ওপর নির্ভর করবে নথিভুক্তির বৈশিষ্ট্য।

এই পর্যায়ে শিখন স্থানান্তর কার্যক্রমে সহায়তার লক্ষ্যে প্রশিক্ষণার্থীদেরও সিদ্ধান্ত নিতে হবে যে, তারা কর্মশালার কার্যক্রম নথিভুক্ত করার বাইরে অংশগ্রহণকারীদের বিভিন্ন বিষয় নিষ্পত্তির জন্য কী রাখতে চান। এ কার্যক্রমকে সমর্থন জোগাতে কয়েকটি উদাহরণ উপস্থাপনের ক্ষেত্রে হ্যান্ডআউট, কেস স্টাডি বা একটি হ্যান্ডবুক অন্তর্ভুক্ত থাকতে পারে।

পরিচালন পরিকল্পনা

চূড়ান্তভাবে প্রশিক্ষকরা প্রশিক্ষণের কাঠামো অনুযায়ী, উদ্ভূত বাস্তবতায় প্রশিক্ষক সদস্যদের মধ্যে কাজ ও দায়িত্ব বণ্টন করে নেবেন। প্রশিক্ষণের কোন পর্যায়ে কাকে কোন দায়িত্ব পালন করতে হবে, সে বিষয়টি একটি কর্মপরিকল্পনায় হাইলাইট করা প্রয়োজন। এই পরিকল্পনাটি প্রশিক্ষণ কর্মশালা শুরুর আগেই দলের প্রস্তুতিমূলক কার্যক্রমকে সহায়তা করবে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকবে চূড়ান্ত পরিকল্পনা সভার প্রারম্ভিক এজেন্টা, যা প্রশিক্ষণের দিন অংশগ্রহণকারীদের উপস্থিতির আগেই প্রশিক্ষকদের হাতে তুলে দেওয়া হবে।

৩.২ প্রশিক্ষণ উদ্বোধন

একটি মিথস্ক্রিয়ামূলক প্রশিক্ষণের অংশগ্রহণকারীরা একত্রে একটি নিবিড় সময় অতিবাহিত করেন। এ সময়টা বিভিন্ন পর্যায়ে থাকে বিতর্ক ও মিথস্ক্রিয়ায় পূর্ণ। প্রশিক্ষণ কোর্সের শুরুতে একটি পরিচয়পর্ব এই প্রক্রিয়াটিকে আরও সহজ করে তোলে। এর ফলে প্রশিক্ষণার্থীরা একে অন্যের সম্পর্কে জানতে পারেন। ব্যাপ্তি এবং পরিচিত হওয়ার আগ্রহের ওপর নির্ভর করে পরিচিতি পর্বের জন্য বিভিন্ন কৌশল রয়েছে।

প্রশিক্ষণ কক্ষের মানচিত্রায়ন

প্রশিক্ষণ কক্ষের মেঝেতে একটি ভার্চুয়াল মানচিত্র রয়েছে, সেটি ব্যাখ্যা করুন। নিম্নোক্ত শ্রেণিবিন্যাস/প্রশাবলির নিরিখে মানচিত্রে উপস্থাপিত শুরুতর পয়েন্টগুলো চিহ্নিত করুন:

| প্রশ্ন | মেঝেতে উপস্থাপিত গুরুতর পয়েন্টসমূহ |
|---|--|
| আপনি কোথা থেকে এসেছেন? | কক্ষের মধ্যভাগ: প্রশিক্ষণ ভেন্যু। কক্ষের চারপাশ: বর্তমান অবস্থানের উত্তর - দক্ষিণ - পূর্ব - পশ্চিম |
| আপনি কোথায় কাজ করেন? | গুরুতর পয়েন্টসমূহ: কক্ষের চারপাশ: নগর প্রশাসন - নগর রাজনীতি - পরামর্শক/বিশেষজ্ঞ - এনজিওসমূহ |
| আপনার প্রধান কর্মক্ষেত্র কী? | গুরুতর পয়েন্টসমূহ: কক্ষের চারপাশ: পরিবেশ - অন্যান্য খাতভিত্তিক নীতি - |
| টেকসই উন্নয়ন অভিষ্ঠ স্থানীয়করণ বিষয়টির সঙ্গে আপনি কতদিন ধরে যুক্ত? | গুরুতর পয়েন্টসমূহ: কক্ষের দুই পাশ: খুব বেশি - আদৌ নয় |

এই শ্রেণিবিন্যাস অনুসারে মানচিত্রে অংশগ্রহণকারীদের নিজের অবস্থান খুঁজে নিতে বলুন (এজন্য প্রশিক্ষণ কক্ষে পর্যাপ্ত স্থান প্রয়োজন)। সবাই নিজ নিজ অবস্থানে যাওয়ার পর: সবার মাঝে চক্র দিন এবং কিছু অংশগ্রহণকারীকে (সবাইকে নয়) সংশ্লিষ্ট প্রশ্নের বিষয়ে বিস্তারিত জিজ্ঞাসা করুন। পরবর্তী প্রশ্নের পর অন্যদেরকেও জিজ্ঞাসা করুন, যাতে করে শেষ পর্যন্ত সবাই নিজের ব্যাকগ্রাউন্ড বা পটভূমি সম্পর্কে কিছু কথা বলার সুযোগ পান।

জোড়া সাক্ষাৎকার

পাঁচ মিনিটের জন্য অংশগ্রহণকারীদের তার নিকটতম অংশগ্রহণকারীর সঙ্গে পারস্পরিক সাক্ষাৎকার পরিচালনার সুযোগ দিন। এক্ষেত্রে প্রত্যেকের জন্য নিম্নোক্ত প্রশ্নাবলি প্রযোজ্য হবে:

- নিকটতম অংশগ্রহণকারীর নাম ও সংস্থা?
- জলবায়ু পরিবর্তন বিষয়ের সঙ্গে নিকটতম অংশগ্রহণকারীর সম্পৃক্ততার মাত্রা কেমন?
- এই প্রশিক্ষণ থেকে কী প্রত্যাশা করেন?

সাক্ষাৎকারের মাধ্যমে প্রাপ্ত অনুসন্ধান ফলাফলের ওপর সাক্ষাৎকার গ্রহণকারীকে নোট নিতে বলুন। এর পর প্রত্যেক অংশগ্রহণকারী তার নিকটতম প্রতিবেশীকে (অংশগ্রহণকারী) পরিচয় করিয়ে দেবেন এবং ওই ব্যক্তির সম্পর্কে প্রাপ্ত তথ্যাদি তুলে ধরবেন।

ছবি পরিচিতি

অংশগ্রহণকারীদের নিবন্ধনের সময় একটি পিকচার কার্ড প্রস্তুত রাখতে হবে। এই পিকচার কার্ডে জলবায়ু প্রভাব, জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশ্নন ও অভিযোজন কার্যক্রম বিষয়ে নানা দিক উল্লেখ থাকবে। প্রত্যেক অংশগ্রহণকারীকে একটি করে পিকচার কার্ড বাছাই করতে বলতে হবে। উপস্থাপনা রাউন্ডে প্রত্যেক অংশগ্রহণকারীকে নিম্নোক্ত ইস্যুগুলোর ওপর একটি সংক্ষিপ্ত বর্ণনা দেওয়ার বিষয়ে আহ্বান জানাতে হবে।

- অংশগ্রহণকারীর নাম ও সংস্থা
- জলবায়ু পরিবর্তন বিষয়ের সঙ্গে নিকটতম অংশগ্রহণকারীর সম্পৃক্ততার মাত্রা
- কী কারণে অংশগ্রহণকারী একটি নির্দিষ্ট ছবি বাছাই করলেন (তাকে ছবিটি দেখাতে হবে)?
- প্রশিক্ষণের প্রতি তার প্রত্যাশা

৩.৩ একটি প্রশিক্ষণ কোর্সের মূল্যায়ন

একটি প্রশিক্ষণ শেষে তার মূল্যায়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। যে কারণে এটি গুরুত্বপূর্ণ তা হলো:

- প্রশিক্ষণ কোর্সের একটি নির্দিষ্ট গুণগত পর্যালোচনা সম্পন্ন করুন; এবং
- প্রায়োগিক কর্মসম্পাদনের অভিজ্ঞতার আলোকে ধীরে ধীরে প্রশিক্ষণটির অধিকতর অগ্রগতি সাধনে উদ্যোগ নিন।

স্মাইলি মূল্যায়ন: এটি একটি বেশ ত্বরিত, মিথস্ক্রিয়ামূলক কিন্তু খসড়া মূল্যায়ন। ছবিতে দেখানো উদাহরণ অনুযায়ী আপনি বোর্ড প্রস্তুত করুন। প্রতিটি অংশগ্রহণকারী মানদণ্ডের সংখ্যা অনুসারে বিভিন্ন বিন্দু পাবেন এবং প্রতিটি বিভাগে তার মূল্যায়ন চিহ্নিত করবেন।

ফ্লাশলাইট মূল্যায়ন: এটিও একটি ত্বরিত মূল্যায়ন। তবে এটি স্মাইলি মূল্যায়নের তুলনায় কিছুটা বেশি মিথস্ক্রিয়ামূলক। এ পর্বে আপনি প্রত্যেক অংশগ্রহণকারীকে আহ্বান জানাবেন নিম্নোক্ত দুটি বিষয়ে একটি সংক্ষিপ্ত মৌখিক ফিডব্যাক প্রদানের জন্য। সংশ্লিষ্ট বিষয় দুটি হচ্ছে – আমি কোন বিষয়টি পছন্দ করেছি এবং কোন বিষয়টি আরও উন্নত করা যেত। এক্ষেত্রে সহায়তাকারী ফ্লিপচার্টে উত্তরসমূহ দৃশ্যমান করে তুলবেন (অথবা অংশগ্রহণকারী চার্টে সঠিক কার্ডটি পিন দিয়ে আটকে দেবেন)।

মূল্যায়নের ভিত্তিতে প্রশ্নাবলি: একটি প্রশিক্ষণ কোর্স মূল্যায়নের জন্য এটি সবচেয়ে সাধারণ পদ্ধতি হিসেবে পরিগণিত। এক্ষেত্রে সাধারণত প্রশিক্ষণার্থীরা কোর্সের শেষে একটি প্রস্তুতকৃত প্রশ্নাবলি হাতে পেয়ে থাকেন এবং সেটি পূরণ করে প্রশিক্ষকের কাছে প্রশ্নপত্রটি ফেরত দেওয়ার জন্য অংশগ্রহণকারীদের আমন্ত্রণ জানানো হয় এবং এক্ষেত্রে ১০-১৫ মিনিট সময় দেওয়া হয়। মূল্যায়ন ফরমে একটি অংশে নৈর্ব্যক্তিক প্রশ্ন থাকতে পারে এবং একটি অংশে মুক্ত মন্তব্য করার সুযোগ থাকে।

আয়োজকদের কাছে প্রশ্নপত্রটি ফেরত পাঠানোর অনুরোধসহ কোর্স-পরবর্তী মূল্যায়নের ফলে দৈনন্দিন কাজে কাজে প্রশিক্ষণের প্রভাবগুলোর প্রতিফলন অনুমান করা যায়। তবে এক্ষেত্রে সাধারণত বিস্তৃপ্ত প্রত্যন্তর আসে, যা দুর্ভোগের কারণ হয়ে দাঁড়ায়। সাধারণভাবে জিআইজেডের ব্যবহার করা একটি প্রশ্নাবলির নমুনা নিচে দেওয়া হলো।

মূল্যায়নের জন্য প্রশ্নাবলি (পাইলট প্রশিক্ষণ ও প্রশিক্ষকদের প্রশিক্ষণ উভয়ের প্রশ্নাবলি) এবং প্রশিক্ষণের আগে ও পরবর্তী মূল্যায়নের প্রশ্নাবলি অধ্যায় ৬-এ পাওয়া যাবে।

GIZ Training Evaluation

Dear participant!

Your opinion is very important to us. Therefore we kindly ask you to fill in this questionnaire for us. Your comments and recommendations will help us to improve the GIZ training.

Please rate each of the following categories between 1 and 6 and mark the corresponding column.

(1=very bad; 2=bad; 3=regular; 4=good; 5=very good; 6=excellent)

| Categories | 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
|------------------------------------|---|---|---|---|---|---|
| working method | | | | | | |
| workshop contents | | | | | | |
| moderation team | | | | | | |
| group dynamics | | | | | | |
| applicability in your working area | | | | | | |
| degree of expectations met | | | | | | |
| organisation, logistics, venue | | | | | | |
| time-table | | | | | | |

In this part of the evaluation, you are kindly requested to give us your opinions and comments on the different aspects of the workshop.

working method:

workshop contents:

moderation team:

group dynamics:

applicability in your working area:

degree of expectations met:

organisation, logistics, place:

time-table:

suggestions for improvement:

Would you recommend the GIZ training to others?

৩.৪ উপস্থাপনা ও মিথক্রিয়ানির্ভর অনুশীলনসমূহের জন্য নির্দেশনাবলি

ভালো উপস্থাপনার জন্য নীতিমালা

উপস্থাপনা/বড়তার (লেকচারের) জন্য অত্যাবশ্যকীয় বিধিগুলো নিচে উল্লেখ করা হলো:

- কখনোই একটি উপস্থাপনাকে ৩০ মিনিটের বেশি দীর্ঘায়িত করবেন না। আপনি যদি প্রশিক্ষণার্থীদের মনোযোগ ধরে রাখতে চান, তবে এটা সর্বোচ্চ সময়সীমা।
- কোর্সের জন্য যে স্লাইড তৈরি করা হয়েছে, উপস্থাপনায় (প্রেজেন্টেশনে) তা ব্যবহার করুন।
- একটা জিনিস মনে রাখবেন – আপনার স্লাইডগুলো শুধুই সহায়ক হিসেবেই কাজে আসবে, তা আপনার মৌখিক আলোচনার বিকল্প হবে না!
- কখনোই আপনার স্লাইডগুলোকে গতবাঁধাভাবে আওড়াতে থাকবেন না। স্বাচ্ছন্দ্য নিয়ে আলোচনা করুন।
- নীরবতার সময় আপনার প্রশিক্ষণার্থীদের টেক্ট পড়ার সুযোগ দেবেন না।
- স্লাইডের গুরুত্বপূর্ণ বিষয়গুলোয় নির্দেশ করুন। (লেজার পয়েন্ট বা হাতের ইশারায়)
- আপনার স্লাইডের আগাগোড়া ভালোভাবে রঞ্চ করুন (প্রয়োজন হলে প্রিন্ট করে সেখানে নিজের মতো নোট করে নিন)।
- আত্মবিশ্বাস নিয়ে কথা বলুন। উচ্চ স্বরে পরিষ্কার গলায়। তাড়াতড়া করে বলবেন না।
- আপনার দর্শক-শ্রোতার সঙ্গে চোখে চোখ রেখে আলোচনা অব্যাহত রাখবেন।

বাড়তি স্লাইডসমূহ তৈরির জন্য প্রস্তুতি

দরকারি সব স্লাইড পাঠ্য উপকরণের (কোর্স ম্যাটেরিয়ালস) মধ্যেই অন্তর্ভুক্ত রয়েছে। কোর্সের সুনির্দিষ্ট প্রয়োগের জন্য প্রয়োজন পড়লে অতিরিক্ত স্লাইড তৈরি করা যেতে পারে। এমন করা যেতে পারে, আপনি যদি স্থানীয় দৃষ্টিকোণ অথবা আপনার লক্ষ্যকৃত দলের নির্দিষ্ট আগ্রহের বিষয়বস্তুগুলোকে উল্লেখ করতে চান। যখন অতিরিক্ত স্লাইড যুক্ত করবেন, তখন ‘কিস’ (KISS) নীতি অনুসরণ করুন: কিস বা KISS, ইংরেজিতে Keep It Straight and Simple অর্থাৎ আলোচনা সহজ ও সরল করুন।

- শুধুমাত্র মূল শব্দগুলো স্লাইডে ব্যবহার করবেন।
- পূর্ণ বাক্য রাখা যাবে না।
- উদাহরণ, ছবি, লেখচিত্র প্রভৃতি ব্যবহার করে আপনার বার্তা দৃশ্যমান করুন,

কিন্তু:

- ভিন্নধর্মী অনেক উপাদান যুক্ত করে আপনার স্লাইডগুলোকে জটিল করে তুলবেন না।
- মূল বিষয়গুলো বর্তে রেখে গুরুত্বারূপ (হাইলাইট) করুন।

কোনো ধারণা দৃশ্যায়নের প্রক্রিয়াটি কেবল স্লাইডের মাধ্যমে সীমাবদ্ধ নাও হতে পারে। যেখানে জুতসই হবে, পরিস্থিতি বিবেচনা করে আপনি ফিপচার্ট বা ব্ল্যাকবোর্ড ব্যবহার করতে পারেন। উদাহরণ হিসেবে বলা যায়, একটি উপস্থাপনা শেষে মূল অনুসিদ্ধান্তগুলোয় আলোকপাত করার সময় উল্লিখিত উপকরণ ব্যবহার করতে পারেন।

মিথক্রিয়ানির্ভর অনুশীলনগুলো

এ বিষয়ে আগেও বলা হয়েছে। মিথক্রিয়ানির্ভর অনুশীলনসমূহ হলো এই কোর্সের মৌলিক শিক্ষামূলক বৈশিষ্ট্য। সাধারণত লেকচার ও মিথক্রিয়ানির্ভর পর্বের (সেশন) বিকল্প থাকে। মিথক্রিয়াভিত্তিক পর্বের অনেক রকমফের হতে পারে:

- কার্যক্রমের ধারাবাহিকতায় সারাংশ (wrap-up) উপস্থাপনসহ দলগত কাজ: অংশগ্রহণকারী সব প্রশিক্ষণার্থীদের কমপক্ষে দুইটি দলে ভাগ করুন। তবে যেনো কোনো দলেই ১২ থেকে ১৫ জনের বেশি সদস্য থাকবে না। দলগুলো আলাদা আলাদাভাবে নির্ধারিত অনুশীলন নিয়ে কাজ করবে। এজন্য ২০ থেকে ৩০ মিনিটের সময় নির্ধারণ করা থাকবে। (সময়সীমা নির্ধারণের সম্পর্কে সঞ্চালনা পরিকল্পনার (Moderation Plan) অনুচ্ছেদ ৩-এ উল্লেখ করা হয়েছে।) তাদের দলগত কাজ সম্পন্ন করার পর প্রশিক্ষণার্থীরা আবারও একত্রিত হবে। দলগুলো তাদের ফলাফলগুলো তুলে ধরবে। প্রশ্ন করার মাধ্যমে প্রশিক্ষক দলগত কাজের ফলাফলের বিষয়ে আরও বিশ্লেষণ করবেন। প্রশ্ন করার কৌশল সম্পর্কে সেকশন ২.৩ দেখুন। যে মূল বিষয়গুলো শেখা হয়েছে, তার যথার্থ সারাংশ উপস্থাপনার মধ্য দিয়ে প্রশিক্ষণ পর্ব সমাপ্ত করতে পারেন।
- ভুট্টস্পার দল: দলগত কাজের সঙ্গে এর মিল রয়েছে। তবে এই কাজটি ১২ থেকে ১৫ জনের দলে নয় বরং দুই-তিনজন প্রশিক্ষণার্থী নিয়ে ছোট ছোট অনেকগুলো দল করতে হবে। দল গঠিত হবে প্রতিবেশী অর্থাৎ কাছাকাছি বসা প্রশিক্ষণার্থীদের নিয়ে। ছোট ছোট দল নিয়ে কাজ করার একটি সুবিধা হলো অংশগ্রহণকারীরা সমাবেশের মধ্যেই তাদের নিজ নিজ আসনেই বসে থাকতে পারেন। কাজেই দল সংগঠিত এবং তাদের বিভিন্ন জায়গায় বসানোর আয়োজন করতে আপনার অনেক বেশি সময় প্রয়োজন হবে না। এছাড়া তুলনামূলকভাবে সহজ মিথক্রিয়ার কারণে ছোট দলগুলোয় আলোচনা দ্রুত করতে পারবে।
- খেলা: প্রশিক্ষণ নির্দেশিকায় বেশ কিছু মিথক্রিয়াভিত্তিক খেলা রয়েছে। এসব খেলা কঠোরভাবে কিছু নিয়ম মেনে চলবে এবং নির্ধারিত কাঠামো থাকবে। প্রায়ই খেলাগুলোর জন্য আগে থেকে প্রস্তুত করে রাখা উপাদান ব্যবহার করা হয়। খেলাগুলো অবশ্যই সঠিকভাবে প্রস্তুত নিয়ে আয়োজন করতে হবে। প্রশিক্ষক নির্দেশিকার মডিউলভিত্তিক অনুচ্ছেদে নির্ধারিত নির্দেশনাগুলো অন্তর্ভুক্ত রয়েছে। খেলাধূলার চূড়ান্ত সমাপনী ধাপ দলগত কাজের মতোই হবে।

তিনি ধরনের মিথক্রিয়াভিত্তিক পর্বের সাধারণ নীতিমালা নিচে উল্লেখ করা হলো।

দলগত কাজ যেভাবে পরিচালনা করতে হয়:

- সুস্পষ্ট নির্দেশনাবলি: সব অংশগ্রহণকারীর সামনে কাজটি ব্যাখ্যা করুন। প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করে তাদের ব্যবহারিক বিস্তারিত ভাবে তুলে ধরুন। প্রশিক্ষণার্থীদের দরকার হতে পারে এমন অতিরিক্ত নির্দেশনাও প্রদান করুন। নিজেদের করণীয় সম্পর্কে পরিকার ধারণা নিয়েই প্রশিক্ষণার্থীদের দলগত কাজে অংশ নেয়া উচিত। তাদের প্রশ্ন করার সুযোগ দিন, যেন সবাই উপলব্ধি করতে পারে যে তাকে সঠিকভাবেই নির্দেশনা দেওয়া হয়েছে।
- দল গঠন: সকল প্রশিক্ষণার্থীকে কয়েক ভাগে ভাগ করে ১২-১৫ জন অংশগ্রহণকারী নিয়ে দল গঠন করুন। দলগুলোর মধ্যে বৈচিত্র্য আনতে প্রশিক্ষণ কোর্স চলাকালে তাদের কয়েকটি বড় বিভিন্ন দলে বিভক্ত করতে পারেন। কে কোন উপদলে থাকবে তা সঠিকভাবে স্পষ্ট করুন। দল নির্ধারণে অংশগ্রহণকারীকে সিদ্ধান্ত নিতে দেবেন না।
- দলগত কাজ সংগঠিত করুন: প্রশিক্ষণার্থীরা তাদের কাজের জন্য ভিন্ন জায়গায় স্থান পরিবর্তন করবে। নিম্নোক্ত সুবিধাদি প্রতিটি দলের প্রয়োজন হবে -
 - তাদের কাজের জন্য জায়গা: যদি প্রশিক্ষণের জায়গা যথেষ্ট বড় হয়, তাহলে দলগুলো কক্ষের বিভিন্ন জায়গায় অবস্থান নিতে পারে। জায়গার সীমাবদ্ধতা থাকলে সেক্ষেত্রে আলাদা আলাদা কক্ষে এক একটি দলের জন্য ব্যবস্থা করা যেতে পারে।
 - দলগত কাজের জন্য আগে থেকেই তৈরি করা উপকরণসমূহ: সাধারণত উপকরণসমূহের মধ্যে একটি পিন-ওয়াল অন্তর্ভুক্ত থাকবে। এর ওপর বাদামি কাগজ পাতানো থাকে। এতে ছক্কবন্ধ পরিকল্পনার (Matrix Scheme) একটি অনুলিপি দেখানো হয়। তা নির্ধারিত হয় প্রশিক্ষক নির্দেশিকার যথাযথ মডিউলে দেওয়া প্রাসঙ্গিক অনুশীলন অনুযায়ী। পিন ওয়াল না থাকলে আপনি বাদামি কাগজটি সরাসরি দেয়ালে বা একটি কালো/সাদা বোর্ডেও এঁটে দিতে পারেন। প্রশিক্ষক নির্দেশিকার সাংগঠনিক কৌশল মডিউলে প্রতিটি সেশনের জন্য প্রয়োজনীয় উপকরণগুলোর কথা নির্দিষ্ট করে বলা হয়েছে।
 - লেখার উপকরণসমূহ: পিন-ওয়ালে আপনার ভিন্ন ভিন্ন রঙের মার্কার কলম ব্যবহার করা উচিত, যেন অংশগ্রহণকারীরা তাদের পাওয়া ফলাফলগুলো সরাসরি পূর্বপ্রস্তুতকৃত ছক্কে লিপিবদ্ধ করতে পারে।

- ◆ **প্রদর্শক ও উপস্থাপক শনাক্ত করা:** কাজের শুরুতেই প্রত্যেক দলের একজন প্রদর্শক ও উপস্থাপক নির্বাচন করা উচিত। প্রদর্শক তাদের দলগত কাজের ফলাফল লিপিবদ্ধ করবেন। আর দ্বিতীয় ব্যক্তি যিনি উপস্থাপক হবেন তিনি পরবর্তীতে সবার সামনে মূল ফলাফলসমূহ উপস্থাপন করবেন। সাধারণত ১২ থেকে ১৫ জনের ছোট ছোট দলের ক্ষেত্রে একজন সহায়তাকারীর দরকার পড়ে না। তবে আপনি যদি মনে করেন দলের মিথস্ক্রিয়ার জন্য একজন সহায়তাকারী রাখা। ভাল হবে, সে ক্ষেত্রে প্রদর্শক বা উপস্থাপকের মধ্যে কোনো একজন সহায়তাকারীর ভূমিকা রাখার দায়িত্ব পালন করতে পারেন।
- ◆ **সময় ফুরিয়ে আসার বিষয়ে নির্দেশনা প্রদান করা:** দলগত কাজের জন্য বরাদ্দকৃত সময়ের হিসাব রাখা খুবই গুরুত্বপূর্ণ। দলগত কাজ শেষ হওয়ার পাঁচ মিনিট আগে আপনার উপদলগুলোর কাছে যাওয়া উচিত। প্রশিক্ষণার্থীদের বরাদের অবশিষ্ট থাকা সময় সম্পর্কে জানাতে হবে। এ সময় আপনি যদি মনে করেন দলগত কাজের অগ্রগতি কর্ম আপনি তখন প্রতিটি দলকে আরও পাঁচ মিনিট করে সময় বাড়িয়ে দিতে পারেন।
- ◆ **দলীয় কাজ শেষে সব অংশগ্রহণকারীর সামনে পিন-ওয়ালগুলো এক জায়গায় রাখা:** আপনার উচিত প্রশিক্ষণার্থীদের সব পিনওয়াল অথবা বাদামি কাগজগুলোকে পাশাপাশি থাকতে দেয়া। এর সুবাদে অংশগ্রহণকারীরা সবগুলো দলের ফলাফল তুলনা করতে পারবেন।
- **সমাপ্তিকরণ/ফলাফল আহরণ পর্ব:** প্রতিটি দলের উপস্থাপক সংক্ষিপ্ত প্রতিবেদন তুলে ধরার মধ্য দিয়ে সমাপ্তিকরণ পর্ব শুরু হবে। আপনাকে নিশ্চিত করতে হবে যে কোনো দলই তাদের উপস্থাপনার জন্য পাঁচ মিনিটের বেশি সময় না নেয়। এর ব্যতিক্রম হলে সময়সীমার নিয়ে জটিলতা দেখা দেবে এবং সহ-প্রশিক্ষণার্থীরা অন্যদের দীর্ঘ উপস্থাপনা দেখে একঘেয়েমি অনুভব করতে পারেন। উপস্থাপনা সম্পর্ক হওয়ার পরে আপনি অংশগ্রহণকারীদের একটি আলোচনার দিকে নিয়ে যাবেন, সেখানে তাদের প্রাপ্ত ফলাফলগুলোর আবশ্যিকীয় বিষয়গুলো নিয়ে আরও বিশ্লেষণ করবেন। প্রশিক্ষকের দিকনির্দেশনামূলক প্রশ্নের মধ্য দিয়ে এই মিথস্ক্রিয়ানির্ভর বিতর্ক পরিচালিত হবে। বিভিন্ন বিষয় নিয়ে প্রশ্ন তুলুন এবং নিজেই উত্তর না দিয়ে প্রশিক্ষণার্থীদের উত্তর দেওয়ার সুযোগ দিন। যথাযথ প্রশ্ন করার মধ্য দিয়ে প্রশিক্ষণার্থীদের সঠিক অনুসিদ্ধান্তে পৌঁছুতে সহায়তা করুন। যথাযথ দিকনির্দেশনামূলক প্রশ্নসমূহ প্রশিক্ষণ নির্দেশিকার বিষয় সম্পর্কিত মডিউলে আংশিকভাবে তুলে ধরা হয়েছে। দরকার হলে আপনি নিজের মতো করে প্রশ্ন তৈরি অথবা যুক্ত করতে পারেন। সব সময় সমাপ্তিকরণ পর্বে সর্বশেষ প্রশ্ন হতে পারে : ‘এটি কীভাবে আপনার দৈনন্দিন কাজের সঙ্গে সম্পর্কিত?’ প্রশিক্ষণের এই গুরুত্বপূর্ণ অংশের জন্য কমপক্ষে ১৫ মিনিট বরাদ্দ রাখা উচিত।
- **বাস্তব উদাহরণসমূহ:** কিছু সমাপ্তি পর্বের শেষে আপনার উচিত সংক্ষিপ্ত সর্বোত্তম অনুশীলনের উদাহরণ ও বাস্তব ঘটনা উপস্থাপন করা। অনুশীলনগুলোর বিশেষ কিছু দিক, যা বাস্তবে কাজে এসেছে সেগুলো দেখান। এটি প্রশিক্ষণার্থীদের কাজের অনুশীলনের সঙ্গে বিষয়বস্তুর দৃঢ় সম্পর্ককে আরও জোরদার করবে। আরও নির্ধারিত করে বলতে গেলে যেই অঞ্চলে প্রশিক্ষণ অনুষ্ঠিত হচ্ছে, সেই অঞ্চলের বাস্তব ঘটনা উদাহরণ হিসেবে উপস্থাপন করা উচিত। এসব বাস্তব ঘটনার উদাহরণ উপস্থাপনে আপনার পাঁচ মিনিটের মতো সময় দেওয়া উচিত।
- **হ্যান্ড আউট/ বিলিপত্রসমূহ:** অংশগ্রহণকারীদের মধ্যে যাদের আগে থেকে বিষয়ভিত্তিক জ্ঞান কর্ম ছিল তাদের জন্য হ্যান্ড আউট একটি গুরুত্বপূর্ণ উপাদান। প্রতিটি সেশনের শেষে ‘সঙ্গে নিয়ে যাওয়ার মত বার্তা’ ও ‘মূল বিষয় যা শেখা হয়েছে’ সম্পর্কিত হ্যান্ড আউট সরবরাহ করা যেতে পারে। এক পৃষ্ঠার এই লেখা আগেভাগেই তৈরি করে রাখা উচিত।

ভুইস্পার দল যেভাবে পরিচালিত হবে

প্রশিক্ষণার্থীদের ছোট ছোট দলে কাজ করতে দিন। আপনি তাদের কাজের পরিকার দিকনির্দেশনা দেবেন। সবশেষে সমাপ্তি কারণ পর্বে তাদের ফলাফলগুলো নিয়ে আরও বিশ্লেষণ (explore) করুন। ভুইস্পার দল ও দলগত কাজের মধ্যে পার্থক্য নির্ধারণ করে নিচে উল্লেখিত বিষয়গুলো:

- দল গঠন ও তাদের সংঘটিত করতে আপনার অল্প সময় প্রয়োজন। প্রতিবেশী বা কাছাকাছি বসা প্রশিক্ষণার্থীরা কীভাবে ক্ষুদ্র দল গঠন করবে, এ বিষয়ে স্পষ্ট নির্দেশনা প্রদান করুন। সব অংশগ্রহণকারী প্রশিক্ষণ কক্ষে তাদের নিজ

আসনেই বসা থাকে। তারা নিচু স্বরে কথা বলার মাধ্যমে তার আশপাশের প্রশিক্ষণার্থীর সঙ্গে সরাসরি যোগাযোগ করে।

- দলগত কাজ শেষ করার জন্য ছোট দলগুলোর অল্প সময় দরকার পড়ে। বেশিরভাগ ক্ষেত্রে ১৫ মিনিটের মতো সময়সীমাই পর্যাপ্ত হয়।
 - ছোট দলগুলোর জন্য আগেই তৈরি করে রাখা বাদমি কাগজ ও পিন ওয়াল দরকার হয় না। বরং তারা সরাসরি প্রশিক্ষণ নির্দেশিকায় (ম্যানুয়াল) অথবা আলাদা কাগজে তাদের পাওয়া ফলাফলগুলো লেখে।
 - সমাপ্তকরণ পর্বের শুরুতে আপনার সমস্ত ক্ষুদ্র দলের ফলাফলগুলোর পদ্ধতিগতভাবে উপস্থাপন করার প্রয়োজন নেই। একটি ক্ষুদ্র দল নির্বাচন করুন এবং তাদের কাজের কিছু নির্দিষ্ট দিক / ফলাফল সম্পর্কে জিজ্ঞাসা করুন। কোনো কিছু যোগ করার জন্য বা ভিন্ন ফলাফল চিহ্নিত করতে অন্য ক্ষুদ্র দলগুলোকে আমন্ত্রণ জানান।

যেভাবে খেলা পরিচালনা করা হয়

গেমগুলো একটি সাধারণ ধরন অনুসরণ করে না। কিন্তু প্রশিক্ষক নির্দেশিকার বিষয় নির্দিষ্ট মডিউলগুলোয় বিশেষভাবে বিবৃত এবং ব্যাখ্যা দেওয়া রয়েছে। গেমগুলো সফলভাবে পরিচালনা করার জন্য নিম্নলিখিত বিষয়গুলো গুরুত্বপূর্ণ:

- সাধারণত গেমগুলোর জন্য নির্দিষ্ট কিছু সরঞ্জামের প্রয়োজন হয়। এগুলো প্রশিক্ষণের আগেই প্রস্তুত করে রাখতে হয়।
 - খেলাগুলো নির্দিষ্ট উপদলেও পরিচালিত হয়। দল গঠনের লক্ষ্যে দলগত কাজের জন্য উন্নিখিত নিয়মগুলো অনুসরণ করুন।
 - খেলা শুরুর আগে ঠিকঠাক নির্দেশনা দেওয়া অপরিহার্য। নিজের কী কী করতে হবে এবং খেলার নিয়ম সম্পর্কে পরিষ্কার ধারণা নিয়েই প্রশিক্ষণার্থীকে খেলায় অংশ নিতে হবে। তাদের প্রশ্ন করার অনুমতি দিন। যেন তারা অনুভব করে যে প্রত্যেকে এ বিষয়ে ভালোভাবে নির্দেশনা পেয়েছে, তা নিশ্চিত করুন। খেলার নিয়ম সম্পর্কিত প্রশ্নসমূহ শুনতে কাছাকাছি থাকুন। খেলা চলাকালে এসব প্রশ্ন আসতে পারে।
 - খেলাগুলোর জন্য একটি সমাপনী পর্ব থাকা খুব জরুরি। গেমগুলো শুধুই ‘মজা করার জন্য’ আয়োজন করা হয় না, বরং কিছু শিক্ষামূলক বার্তা দেওয়ার জন্যই করা হয়, খেলার পর্ব অনুষ্ঠিত হওয়ার পরে যা দলগত আলোচনার মাধ্যমে আরও ব্যাখ্যা-বিশ্লেষণ করা উচিত। প্রথম নির্দেশনামূলক প্রশ্ন হতে পারে ‘আপনারা এই খেলা থেকে কী কী শিখেছেন?’

ଦୃଶ୍ୟାୟନେର ଧାରଣାସମୂହ

ଦୃଶ୍ୟାୟିତ ତଥ୍...

- মনে রাখা তুলনামূলকভাবে সহজ, ‘আমি যা শুনি তা ভুলে যাই। আমি যা দেখি তা মনে রাখি।’
 - অংশগ্রহণকারীদের মধ্যে সাধারণ উপলব্ধি সৃষ্টিতে সহায়তা করে, এটা আরও সুনির্দিষ্ট আলোচনার দিকে ধাবিত করে।
 - তাৎপর্যপূর্ণ বিষয়গুলোয় মনোযোগ দিতে শিক্ষকদের বাধ্য করে;
 - জটিল ধারণাগুলো ব্যাখ্যা করতে সহায়তা করে;
 - বহিঃস্থ স্মৃতি হিসেবে কাজ করে (বৈঠকের নোট বা মিনিট);
 - অংশগ্রহণকারীদের ফলাফলসহ শনাক্তকরণে সহায়তা করে।

দৃশ্যায়িতকরণের বিধিসমূহ

- যেখানেই আপনি গুরুত্বপূর্ণ অনুসিদ্ধান্ত ও বার্তায় উপনীত হন, সেগুলোকে ব্ল্যাকবোর্ড / হোয়াইটবোর্ড, ফিপ চার্ট প্রভৃতির মাধ্যমে লিপিবদ্ধ করে দৃশ্যায়িত করুন।
- আপনি সমাঙ্গকরণ পর্বের সময় পিন-ওয়ালে মূল উপসংহারসহ কার্ড সেঁটে দিতে পারেন।
- সঠিগুলন (moderation) কার্ড ব্যবহার করার সময়, লেখার নিয়মগুলো পালন করুন:
 - শব্দগুলো প্রিন্ট করে নিন; হাতে লেখার স্টাইল ব্যবহার করবেন না
 - যথেষ্ট বড় করে লিখুন, যেন তা দূর থেকে পড়া যায় (উদাহরণস্বরূপ বলা যায় লেখনশৈলীর (ফন্ট) আকার কমপক্ষে ৪৫ পয়েন্ট হওয়া উচিত)
 - একটি কার্ডে তিনটির বেশি লাইন হবে না,
 - কার্ডগুলোর রং, আকৃতি ও গঠন ব্যবহারে সূজনশীল হোন,
 - একটি ধারণা নিয়ে একটি কার্ড,

মিথঙ্ক্রিয়ানির্ভর প্রশিক্ষণের জন্য দরকারি উপকরণসমূহ।


প্রশিক্ষক নির্দেশিকার বিষয় সম্পর্কিত মডিউলের যে উপকরণ সম্পর্কে বলা হয়েছে, সেগুলো ছাড়াও। মিথঙ্ক্রিয়ানির্ভর প্রশিক্ষণ পর্বসমূহের জন্য দরকারি উপকরণসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

- কার্ডস
- ডটস, আঠা, পিন ও কাঁচি
- ফিপ চার্ট
- পিন বোর্ড এবং কভার পেপার


৩.৫ দলগত কাজ: নানা ধরনের পরিস্থিতি ও ধরন

অংশগ্রহণযুক্ত প্রশিক্ষণগুলোর অপরিহার্য একটি বৈশিষ্ট্য হলো দলগত কাজ। নির্দিষ্ট পরম্পরা অন্যায়ী দলগত কাজে বিভিন্ন কার্যক্রম থাকবে। পরম্পরার অন্তর্ভুক্ত রয়েছে আইডিয়া বের করা, কোনো একটি নির্ধারিত বিষয়ে প্রতিফলন করা, কাজ করার মাধ্যমে সমাধান বের করা এবং একটি পরিকল্পনা প্রস্তুত করা প্রভৃতি। সবার অংশগ্রহণের সেশনের তুলনায় দলগত কাজ অংশগ্রহণকারীদের সক্রিয় ভূমিকা পালনের আরও বেশি সুযোগ করে দেয়।


শ্রেণিকক্ষের নকশা এবং এর ভেতরে মানুষগুলো যেভাবে বসে এই বিষয়টি মিথঙ্ক্রিয়ানির্ভর প্রশিক্ষণের সফলতায় বড় ধরনের প্রভাব ফেলে। যে পরিস্থিতিতে অংশগ্রহণকারীরা একে অপরকে দেখতে পান, তা তাদের মিথঙ্ক্রিয়ানির্ভর প্রশিক্ষণের সফলতায় ব্যাপক প্রভাব রাখতে পারে। এই পটভূমিতে চিত্রে দেখানো ওপরের দুটি উদাহরণ (ক ও খ) কম জনপ্রিয়। নিচের দুটি (গ ও ঘ) বেশিরভাগ মানুষ সহায়ক মনে করে।




ক



খ



গ



ঘ

প্রধান বৈশিষ্ট্যসমূহ

ছোট ছোট দলে কাজ করার সুবাদে আরও ঘনিষ্ঠ কথোপকথন ও প্রতিফলনের সুযোগ তৈরি হয়। আদর্শগতভাবে দলের সব সদস্য অবদান রাখতে পারে যা তারা সবাইকে নিয়ে অনুষ্ঠিত পর্বে (Plenary Session) পারত না। দলের সদস্যরা তখনই তাদের কর্মশক্তি সংহত করতে পারে, যখন তাদের পরিকার ধারণা থাকে যে তারা কেন একসঙ্গে কাজ করবে এবং এই প্রচেষ্টা তাদের কোথায় নিয়ে যাবে।

ছোট ছোট দলে কাজ করার বিষয়টি অংশগ্রহণকারীদের আত্মনিয়ন্ত্রণ করার সক্ষমতা যাচাইয়ের একটা সুযোগ দেয়। একজন সহায়তাকারী ও অন্য একজন ফলাফল উপস্থাপনকারীর পদায়নের মধ্য দিয়ে এটা শুরু হয়। কিন্তু সেটিংস বা পারিপার্শ্বিকতা অনুসারে ছোট দলগুলো (তিন থেকে পাঁচজন সদস্যবিশিষ্ট) একজন সহায়ক ছাড়াই তাদের দলগত কার্যক্রম চালিয়ে যেতে পারে।

দলগত কাজের পরিস্থিতি (স্থান-কাল)

- অংশগ্রহণকারীদের জায়গা পরিবর্তনের দরকার হয় না, যেমন ‘বাজ দলসমূহ (গুঞ্জন দল)’ (পূর্ববর্তী অনুচ্ছেদ দেখুন)
- যখন দলগুলোর ভাবনার জন্য একটু নিরিবিলি সময় দরকার হয় অথবা অন্যদের বিরক্ত না করেই জায়গার দরকার হয়, তারা আলাদা কক্ষ ব্যবহার করতে পারে।
- একটি বিশেষ আকর্ষণীয় সেটিং এ দলগুলোর পর্যায়ক্রমে অংশগ্রহণ (একই কক্ষে) নিশ্চিত করুন। এতে প্রতিটি দল যা করছে তাতে সব অংশগ্রহণকারীর অবদান রাখার সুযোগ তৈরি হয়। বিভিন্ন দলকে নির্দিষ্ট কিছু পরিপূরক কাজ দেওয়া হয়। প্রতিটি দল একটি নির্দিষ্ট কাজ দিয়ে শুরু করে। এরপর পরবর্তী কাজে এগোয়। কাজটি হলো পূর্ববর্তী দল যা করেছে সেগুলো নিয়ে মন্তব্য করা ও পরিপূরক করা। অংশগ্রহণকারী সংখ্যা অনুসারে দুটি ভিন্ন দলকে একই কাজ দিলে কিছু সুফল পাওয়া যেতে পারে এবং শেষে তাদেরকে ফলাফলগুলো একীভূত করে তা উপস্থাপন করতে নির্দেশনা দেওয়া যেতে পারে।

বাস্তব ইঙ্গিতসমূহ

দলগত কাজ প্রস্তুত করার জন্য প্রশিক্ষকদের কয়েকটি বিষয়ে নিজেরা নিজেদের প্রশ্ন করা দরকার:

- দলগত কাজ থেকে প্রত্যাশিত ফলাফলসমূহ কী কী?
- কতগুলো দল গঠন করা উচিত?
- দলগুলো কীভাবে গঠিত হওয়া উচিত?
- দলগত একই বিষয়ে অথবা ভিন্ন বিষয়ে কাজ করবে?
- দলগত অ্যাসাইনমেন্ট দেখতে কেমন হওয়া উচিত?
- দলগত কাজের ফলাফল একটি সেশনে কীভাবে ভাগাভাগি ও এটি নিয়ে আলোচনা হওয়া উচিত?

সফল দলগত কাজের লক্ষ্যে প্রশিক্ষক/সহায়কদের জন্য কিছু প্রচলিত নিয়ম রয়েছে:

- দলগত কাজের জন্য বিস্তারিত লিখিত নির্দেশনা সরবরাহ করুন।
- কমপক্ষে ৪০ মিনিট সময় বরাদ্দ রাখুন। কাজের জন্য দলগুলো কীভাবে অতিরিক্ত সময় পাবে তা নিয়ে পরিষ্কার নিয়ম বাতলে দিন।
- দলগত কাজের ফল হিসেবে দৃশ্যায়িত উপস্থাপনার আবশ্যকীয়তার বিষয়ে ছাড় দেবেন না।

দল গঠনের অনেক ধরনের উপায় রয়েছে। ‘এক... দুই... তিন’ এভাবে গুনে গুনে দল গঠন করা সবচেয়ে দ্রুত উপায়। সবচেয়ে অংশগ্রহণমূলক উপায় হলো প্রথম উদাহরণে দল গঠনের মানদণ্ড মেনে দলগুলোকে সিদ্ধান্ত নিতে দেওয়া। তারপর সেই অনুযায়ী দল তৈরি করা। আপনি নির্দিষ্ট শ্রেণি অনুসারে দলগুলোকে বিভক্ত করতে পারেন। এটি প্রাসঙ্গিক হতে পারে দলগুলো প্রত্যাশিতভাবে যে কাজগুলো সম্পাদন করবে তার সঙ্গে।

দলগত কাজকে সমর্থন দিন

যদি প্রশিক্ষক একটি দলের আত্ম-নিয়ন্ত্রণের সক্ষমতার ওপর ভরসা রাখেন, তবুও তাদের উচিত সময় সময় পর্যবেক্ষণ করা যে সবকিছু সুন্দরভাবেই এগুচ্ছে। নানা কারণে দলগুলো তাদের কাজের সময় কোনো বিষয় নিয়ে আটকে যেতে পারে। উদাহরণ হিসেবে বলা যায়, কোনো একটি কাজের বিষয়ে স্বচ্ছতার অভাব অথবা দল গঠন-সংক্রান্ত কোনো সমস্যা। তারা প্রশিক্ষকের পক্ষ থেকে সুন্দর লক্ষ্যকৃত হস্তক্ষেপ সহজভাবে মেনে নেবেন। তবে আত্মনিয়ন্ত্রণ আরও বাড়ানোর স্বার্থে প্রশিক্ষকরা একটা নিয়ম চালু করতে পারেন যে তারা শুধু অনুরোধ পেলেই হস্তক্ষেপ করবেন।

ফলপ্রসূ দলীয় কাজের জন্য নির্দেশিকা (অংশগ্রহণকারীদের জন্য ব্যাখ্যা করা হবে)

- কার্যকরী ও ফলপ্রসূ কাজের জন্য, একটি কর্ম দলে একজন সহায়ক বা ফ্যাসিলিটেটর, একজন সময় গণনাকারী এবং একজন উপস্থাপক নির্বাচন করা উচিত।
- কাজের বিবরণ পড়ার জন্য আপনার সময় নিন এবং দেখুন সবাই সঠিকভাবে এগুচ্ছে কিনা।
- কর্মরত দলগুলো স্বাধীনভাবে কাজ করে।
- প্রশিক্ষকদের পরামর্শ চাওয়া যেতে পারে।
- ভিন্নভাবে ব্যাখ্যা করা না হলে ছকগুলোকে (ম্যাট্রিক্স) প্রিড লাইনের মাধ্যমে কাজ করা উচিত (সারি নয়)।
- শেখার প্রধান উদ্দেশ্য হলো ব্যাবস্থাগত পদ্ধতি সম্পর্কে জানা এবং কাজটি ব্যাপকভাবে করা নয়।

৪

প্রশিক্ষণের জন্য বিষয়বস্তু, সময় ও সম্পদের (রিসোর্স) ব্যবস্থাপনা

প্রশিক্ষণসমূহ বিভিন্ন দিন/ক্লকে বিভক্ত হয়। এটি বিভিন্ন ক্লকের মধ্যে একটি ভিন্ন কোর্স তৈরি করার জন্য কিছু সুবিধা প্রদান করে। এটি বিভিন্ন বিষয়ের ওপর নির্ভর করে। যেমন হাতে সময় থাকা না থাকা, নির্দিষ্ট লক্ষ্য গোষ্ঠী এবং যে প্রধান প্রধান বিষয়ে শেখানোর পরিকল্পনা করা হয়েছে তার ওপর।

সাধারণত প্রতিটি মডিউল গঠিত হয় নিচে উল্লেখিত বিভিন্ন ধরনের উপাদানগুলো নিয়ে:

- বক্তৃতা/লেকচার
- কর্মসূচাবর্ধক, সক্রিয় শিখন অনুশীলনসমূহ
- কেসওয়ার্কস
- সমাপনী আলোচনা

সমস্ত ক্লক ও উপকরণসহ একটি এজেন্টার জন্য টেমপ্লেট নির্দেশ করে নিচে উল্লেখিত কর্মসূচি/সম্বলন পরিকল্পনা। কোনো বিশেষ কোর্সের জন্য প্রয়োজন পড়লে কিছু নির্ধারিত উপাদান যেমন সূচনা বক্তব্য প্রভৃতি অন্তর্ভুক্ত করা যেতে পারে। এছাড়া দৃঢ় শর্ত মেনে কফি ও মধ্যাহ্নভোজের বিরতি যুক্ত করা যেতে পারে।

প্রতিটি অনুশীলন/কেসওয়ার্কের মধ্যে সমাপনী/ফলাফল সংগ্রহ করার পর্বসমূহ মূলত দিকনির্দেশনামূলক প্রশ্ন দিয়ে গঠিত হয়। নিচে উল্লেখিত সম্বলন পরিকল্পনা চার্টে প্রশিক্ষণ ধারাপ্রবাহের কিছু ধারণা দেওয়া হলো।

কেস ওয়ার্কের সময় সব নির্দেশনামূলক প্রশ্ন অথবা সুপারিশকৃত পদক্ষেপ আবশ্যিকভাবে অনুসরণ করার দরকার নেই। এটা অপরিহার্য যে – ১. প্রশিক্ষক সমাপনী পর্বের আগে প্রশ্নের জন্য তার নিজস্ব উভর (গবহংস বাংড়ুমুরহ) তৈরি করেন, ২. একই সময়ে দৃশ্যমান দলগত কাজের গতিশীলতার বিষয়ে প্রতিক্রিয়া জানানোর মতো যথেষ্ট পরিবর্তন করার মত সুযোগ আছে।

টেকসই উন্নয়ন অভিযন্ত স্থানীয়করণের জন্য সরঞ্জাম এবং পদ্ধতিসমূহ
 কেসিসিটে পাইলট প্রশিক্ষণ+ NILG প্রশিক্ষকদের প্রশিক্ষণ

GIZ / NILG /বুয়েট

ব্যবহৃত সংগৃহালন পরিকল্পনা (Moderation Plan)

(সেপ্টেম্বর ২০২২)

| সময়কাল | বিষয় | অধিবেশনের মূল লক্ষ্য | পক্ষতি/ উপকরণসমূহ | উপস্থাপনা/নকশার জন্য বিষয়বস্তু এবং অনুলিঙ্গের জন্য মূল প্রশংসনসমূহ | মন্তব্য |
|--|--------------------------|--|----------------------|--|---|
| ৪.১ দিন ১. বৈশিক লক্ষ্য এবং স্থানীয় সরকারের ভূমিকা উপলক্ষ্য করা | ব্রক ০. স্বাগত ও পরিচিতি | লক্ষ্য: স্বাগত, প্রশিক্ষণ এবং পদ্ধতির পরিচিতি, অংশগ্রহণকারীদের পরিচিতি | মোট সময়: ৬০ মিনিট | ৩০ মিনিট অনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো এবং দলগত ছবি তোলা | সংক্ষিপ্ত বক্তৃতা এবং দলগত ছবি • স্থানীয় সরকার প্রধানের উদ্বোধনী ব্যানার প্রতীক • উপস্থিত অন্যান্য সংস্থা প্রধানের স্বাগত বক্তৃতা • প্রাকঙ্গ প্রধানের প্রকল্প সম্পর্ক উপস্থাপনা |
| ৪.১ দিন ২. বৈশিক লক্ষ্য এবং স্থানীয় সরকারের ভূমিকা উপলক্ষ্য করা | ব্রক ১. স্বাগত ও পরিচিতি | লক্ষ্য: স্বাগত, প্রশিক্ষণ এবং পদ্ধতির পরিচিতি, অংশগ্রহণকারীদের পরিচিতি | মোট সময়: ৬০ মিনিট | ৩০ মিনিট অনুষ্ঠানিকভাবে স্বাগত জানানো এবং দলগত ছবি তোলা | সংক্ষিপ্ত বক্তৃতা এবং দলগত ছবি • স্থানীয় সরকার প্রধানের উদ্বোধনী ব্যানার প্রতীক • উপস্থিত অন্যান্য সংস্থা প্রধানের স্বাগত বক্তৃতা • প্রাকঙ্গ প্রধানের প্রকল্প সম্পর্ক উপস্থাপনা |

| | | | | |
|--|---|------------------|--|--|
| <p>১০ মিনিট</p> <p>পশ্চিমের বিষয়ে পরিচিতি</p> | <p>বর্তমান ধারণা, পক্ষাত, বিষয়বস্তু</p> | <p>উপস্থাপনা</p> | <ul style="list-style-type: none"> পশ্চিমের ধারণা এবং কাঠামো/ বিষয়বস্তু – সংক্ষেপে সিঁটি ওয়ার্কস সম্পর্কে কাজ/প্রক্রিয়া পদ্ধতি এজেন্ট এবং উপকরণ এবং সম্পদ এবং / রেফারেন্সের ওপর সার্ভিক পর্যালোচনা | <p>শাইড</p> |
| <p>১৫ মিনিট</p> <p>অংশভূতিকৰণের নিজ নিজ পরিচয় পর্ব</p> | <p>পশ্চিমগোষ্ঠীদের নিজ নিজ পরিচয় পর্ব একে আপনের সঙ্গে পরিচিত হতে দিন</p> | <p>ভূমিকা</p> | <p>বিকল্প পদক্ষেপসমূহ:</p> <ol style="list-style-type: none"> অংশভূতিকৰণ একটি হবি বেছে নেয় এবং নিজেদের উপস্থাপন করে (নাম, প্রতিষ্ঠান, পদবি, বিষয় সম্পর্কে অভিজ্ঞতা এবং ওপরের উল্লেখ অনুযায়ী প্রত্যাশা। কেন তারা ছবিটি বেছে নিয়েছে) কক্ষ মানচিত্রায়ণ : আপনার প্রতিষ্ঠান এখানে আসতে আপনার কত সময় লেগেছে (০, ৫ ঘণ্টা থেকে ২৪ ঘণ্টা) ছট্টি: সম্মিলনেক্ট, পাহাড় কিংবা শহর? পছন্দের খাবার?: বিরিয়ানি, গরুর মাংসের রেজালা, ইলিশ মাছ, বালুচি প্রতিটি ধরণের পার্স, তাদের মধ্যে কয়েকজন তখন তাদের নাম এবং অবস্থান বলতে পারে | <p>শেণি মানচিত্রায়ণ- সহ কার্ড</p> <p>শেণি মানচিত্রায়ণ- ব্যবহার করা যেতে পারে</p> |
| <p>৫ মিনিট</p> <p>বিষয়</p> | <p>অতিথিদের বিদায়</p> | | | |

রুক ১: টেকসই উন্নয়ন অভিষ্ঠে ও জলবায়ু - আঙ্গর্জতিক, জাতীয় এবং স্থানীয় প্রেক্ষাপট
লক্ষ্য: টেকসই উন্নয়ন লক্ষ্য (টেকসই উন্নয়ন অভিষ্ঠে) এবং জলবায়ু-বিষয়ক আলোচনার মূল ফলাফলগুলো উপলব্ধি করা; টেকসই উন্নয়ন অভিষ্ঠে অর্জনে স্থানীয় সরকারের
পদক্ষেপের তুমি এবং সীমাবদ্ধতা; এবং বাংলাদেশের শহর/স্থানীয় সরকার টেকসই উন্নয়ন অভিষ্ঠে বাস্তবায়নে কী করতে পারে

| | | | | |
|---|---|---|---|---|
